দৈনিক
# কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

**আল কুরআন**

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

হে আমাদের পালনকর্তা! তুমি মানুষকে একদিন অবশ্যই একত্রিত করবেঃ এতে কোনই সন্দেহ নেই। নিশ্চয় আল্লাহ তাঁর ওয়াদার অন্যথা করেন না।

সূরা আল ইমরান- ৮




বরিশাল ॥ মঙ্গলবার ॥ ০৩ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ১৫ শাবান ১৪৪৭ ॥ ২০ মাঘ ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৬৩ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা



## একটি দল মা-বোনদের তুচ্ছ-তাচ্ছিল্য করছে ঘরে বন্দি করতে চাচ্ছে

**কীর্তনখোলা ডেস্ক**

যশোরে নির্বাচনি জনসভায় বিএনপির চেয়ারম্যান তারেক রহমান জামায়াতে ইসলামীকে ইঙ্গিত করে বলেছেন, একটি ২ এর পাতায় দেখুন



## মাঘ মাসে মাথা এত গরম হলে চৈত্রে কী হবে: জামায়াত আমির

**কীর্তনখোলা ডেস্ক**

নির্বাচনি প্রতিপক্ষের দিকে ইঙ্গিত করে জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, জনগণ রায় অলরেডি দিয়ে ২ এর পাতায় দেখুন

## প্রশাসনে 'দলীয় প্রভাব' ও দেশজুড়ে সহিংসতার অভিযোগ

**কীর্তনখোলা ডেস্ক**

চলমান নির্বাচনী পরিস্থিতিতে প্রশাসনের বিভিন্ন স্তরে 'দলীয় প্রভাব', আইনশৃঙ্খলা বাহিনীর বিতর্কিত ভূমিকা এবং দেশজুড়ে নেতা-কর্মীদের ২ এর পাতায় দেখুন

## তিন বছর পর প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে পরীক্ষা ফিরছে

**কীর্তনখোলা ডেস্ক**

তিন বছর পর আবার প্রাথমিক শিক্ষার প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে পরীক্ষা পদ্ধতি চালু হচ্ছে। একই সঙ্গে এসব শ্রেণিতে ধারাবাহিক ২ এর পাতায় দেখুন




### বরিশালে স্বরাষ্ট্র উপদেষ্টা

# জাতীয় নির্বাচন আন্তর্জাতিক অঙ্গনেও প্রশংসিত হবে

**কীর্তনখোলা রিপোর্ট**

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, নির্বাচনে এমন এক মানদণ্ড স্থাপিত হবে, যা শুধু দেশেই নয়, আন্তর্জাতিক অঙ্গনেও প্রশংসিত হবে। গতকাল দুপুরে বরিশাল জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে 'ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট- ২০২৬' সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বরিশাল বিভাগীয় প্রশাসন আয়োজিত আইনশৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব নাসিমুল গনির সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন আইজিপি বাহারুল, বাংলাদেশ কোস্ট গার্ডের মহাপরিচালক রিয়ার অ্যাডমিরাল মো. জিয়াউল হক, বাংলাদেশ আনসার ও ২ এর পাতায় দেখুন

## নির্বাচন ঘিরে দেড় মাসে ২৭৪ সহিংস ঘটনা, ৫ হত্যাকাণ্ড

**কীর্তনখোলা ডেস্ক**

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে গত দেড় মাসে ২৭৪টি সহিংসতার ঘটনা ঘটেছে। এর মধ্যে প্রার্থীর ওপর আক্রমণের ঘটনা ঘটেছে ১৫টি এবং হত্যাকাণ্ড ৫টি। সোমবার (২ ফেব্রুয়ারি) এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে প্রধান উপদেষ্টার প্রেস উইং। এতে বলা হয়, নির্বাচন ঘিরে গত বছরের ১২ ডিসেম্বর থেকে চলতি বছরের ১ ফেব্রুয়ারি পর্যন্ত ২৭৪টি সহিংসতার ঘটনা ঘটেছে। এর মধ্যে নির্বাচন ঘিরে ভীতি দেখানো ২ এর পাতায় দেখুন

## ১২ কেজি এলপিজি সিলিন্ডারের দাম ৫০ টাকা বেড়ে ১৩৫৬

**কীর্তনখোলা ডেস্ক**

ভোক্তা পর্যায়ে আরও বাড়ানো হয়েছে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম। ফেব্রুয়ারি মাসের জন্য এলপিজি গ্যাসের দাম লিটারে ৪ টাকা ২১ পয়সা বাড়িয়েছে সরকার। এতে সবচেয়ে বেশি ব্যবহৃত ১২ কেজি সিলিন্ডারে দাম বেড়েছে ৫০ টাকা। সোমবার বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের (বিইআরসি) চেয়ারম্যান জালাল আহমেদ ফেব্রুয়ারি মাসের জন্য এলপিজি গ্যাসের নতুন এই দর ঘোষণা করেন। বিইআরসির বিজ্ঞপ্তি ২ এর পাতায় দেখুন

## ঝালকাঠিতে মাদক মামলায় একজনের যাবজ্জীবন কারাদণ্ড

**ঝালকাঠি প্রতিনিধি**

ঝালকাঠিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের মামলায় মো. মাইনুল ইসলাম ফয়সালকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড ও অর্থদণ্ড প্রদান করেছেন আদালত। একই সঙ্গে আরেক ধারার অপরাধে তাকে পৃথক দণ্ড দেওয়া হয়েছে। সোমবার ২ ফেব্রুয়ারি ঝালকাঠির সিনিয়র দায়রা জজ মো. মতিয়ার রহমান এ রায় ঘোষণা করেন। রায়ে উল্লেখ করা হয়, ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬ (১) সারণির ৮ এর (গ) ধারার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আসামিকে উক্ত ধারায় দোষী ২ এর পাতায় দেখুন



# বরিশালে তারেক রহমানের জনসভা ঘিরে ব্যাপক প্রস্তুতি

**একরামুল একরাম**

বরিশাল নগরীর বেলস পার্ক মাঠে আগামীকাল সকাল ১১টায় বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের জনসভা অনুষ্ঠিত হবে। জনসভা শুরুর ২০ মিনিটের মধ্যেই তিনি মঞ্চে উপস্থিত হয়ে বক্তব্য দেবেন বলে নেতৃবৃন্দের আশাবাদ। তাকে বরণ করতে ও জনসভাকে জনসমুদ্রে পরিণত করতে ইতোমধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের বরিশাল সফর উপলক্ষে মঙ্গলবার দুপুর ১টায় নগরীর সদর রোডে বিএনপির দলীয় কার্যালয়ে গণমাধ্যমকর্মীদের সঙ্গে এক মতবিনিময় সভায় এসব কথা জানান বিএনপির কেন্দ্রীয় কমিটির বরিশাল বিভাগের সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। তিনি এ সভায় প্রধান ২ এর পাতায় দেখুন




উঠান বৈঠকে বক্তব্য রাখছেন ঝালকাঠি-২ আসনের জামায়াত ইসলামী মনোনীত প্রার্থী শেখ নেয়ামুল করিম-**কীর্তনখোলা**

## গলাচিপায় ভিপি নুরের বিরুদ্ধে সংবাদ সম্মেলন

**গলাচিপা প্রতিনিধি**

গণঅধিকার পরিষদের সভাপতি ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নূরের বিরুদ্ধে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে পটুয়াখালী-৩ (দশমিনা--গলাচিপা) আসনে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সংবাদ সম্মেলনটি করেন স্বতন্ত্র প্রার্থীর নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক ও উপজেলা বিএনপির সদ্য সাবেক সভাপতি আবদুল আলীম তালুকদার। সোমবার ২ এর পাতায় দেখুন




# তারেক রহমানের আগমনকে স্বাগত জানিয়ে রহমাতুল্লাহর বর্ণাঢ্য র‍্যালি

**কীর্তনখোলা রিপোর্ট**

৪ ফেব্রুয়ারি বরিশালে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর চেয়ারম্যান তারেক রহমানের বরিশাল আগমন উপলক্ষে তাকে স্বাগত জানিয়ে নগরীতে এক বিশাল শুভেচ্ছা র‍্যালি অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২ ফেব্রুয়ারী) বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ'র নেতৃত্বে এ র‍্যালির আয়োজন করা হয়। র‍্যালিটি বরিশাল নগরীর শিশু পার্কের সম্মুখ থেকে শুরু হয়ে লঞ্চঘাট এলাকা ও সিটি করপোরেশনের সামনে দিয়ে অগ্রসর হয়ে সদর রোডস্থ বিএনপির দলীয় কার্যালয়ে গিয়ে শেষ হয়। র‍্যালির অগ্রভাগে নেতৃত্ব দেন আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ নিজে। এতে বিএনপি ও এর অঙ্গ ও সহযোগী সংগঠনের বিপুলসংখ্যক ২ এর পাতায় দেখুন

## ছুটির নোটিশ

পবিত্র শবে বরাত উপলক্ষ্যে আগামী ৩ ফেব্রুয়ারি, রোজ মঙ্গলবার দৈনিক কীর্তনখোলা পত্রিকার সংবাদ বিভাগ বন্ধ থাকবে। তাই ৪ ফেব্রুয়ারি, বুধবার পত্রিকা প্রকাশিত হবে না।

-বার্তা প্রধান

# কড়া নিরাপত্তায় বরিশালসহ বিভিন্ন জেলায় পৌঁছেছে ব্যালট পেপার

**কীর্তনখোলা ডেস্ক**

আগামী ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে সামনে রেখে জেলায় জেলায় ব্যালট পেপার পাঠানো শুরু করেছে নির্বাচন কমিশন (ইসি)। আসনভিত্তিক প্রার্থীর নাম ও প্রতীক সংবলিত এসব ব্যালট পেপার কড়া নিরাপত্তার মধ্য দিয়ে রাজধানী ঢাকা থেকে পাঠানো হচ্ছে। ইসি সূত্রে জানা গেছে, সোমবার ব্যালট পেপার পাঠানো হচ্ছে পটুয়াখালী, বরিশাল, বরগুনা, পিরোজপুর, হবিগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, মুন্সিগঞ্জ ও গাজীপুর জেলায়। এর আগে রোববার (১ ফেব্রুয়ারি) প্রথম ধাপে ১৩টি জেলায় ব্যালট পেপার পাঠানো হয়েছে। সোমবার (২ ফেব্রুয়ারি) আরও ৮টি জেলায় ব্যালট পেপার পাঠানো হচ্ছে। উপসচিব রাশেদুল ইসলাম বলেন, "ঢাকা থেকে পর্যাপ্ত নিরাপত্তার সঙ্গে ধাপে ধাপে ব্যালট পেপারসহ অন্যান্য নির্বাচনী সামগ্রী পাঠানো হচ্ছে। জেলা পর্যায়ে পৌঁছানোর পর এসব সামগ্রী রিটার্নিং ২ এর পাতায় দেখুন




## বরিশালে সপ্তাহের ব্যবধানে বেড়েছে সবজি-মুরগির দাম

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশালে সপ্তাহের ব্যবধানে সব ধরনের সবজিতে ৫-২০ টাকা পর্যন্ত বেড়েছে। পাশাপাশি ব্রয়লার মুরগির দাম কেজিতে ১০ টাকা বেড়েছে। তবে এসব সবজি পাইকারি বাজারের তুলনায় খুচরা বাজারে কেজিপ্রতি ১০-৩৫ টাকা পর্যন্ত বেশি দামে বিক্রি হচ্ছে। সোমবার (২ ফেব্রুয়ারি) সকালে বরিশালের বহুমুখী সিটি মার্কেট ও কয়েকটি খুচরা বাজার ঘুরে দেখা গেছে এমন চিত্র। বাজার ঘুরে দেখা গেছে, কাঁচামরিচ গত সপ্তাহে ৮০-৮৫ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ৯০-৯৫ টাকা বিক্রি হচ্ছে, শিম (কালো) গত সপ্তাহে ৩০ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ৪০ টাকা, সাদা শিম গত সপ্তাহে ১০-১২ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ১৬ টাকা, ফুলকপি গত সপ্তাহের দামে ৩০ টাকা, বাঁধাকপি সপ্তাহে ৮-১০ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ১৫ টাকা, শসা ২ এর পাতায় দেখুন

## পটুয়াখালী ও পিরোজপুরসহ বিএনপির ২৮ নেতা বহিষ্কার

**কীর্তনখোলা রিপোর্ট**

দলীয় সিদ্ধান্ত অমান্য এবং সংগঠনবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে বিএনপির ২৮ জন নেতাকর্মীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। সোমবার (২ ফেব্রুয়ারি) দলটির পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে তাদের বহিষ্কারের ঘোষণা দেওয়া হয়। বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, বহিষ্কৃত নেতাকর্মীরা দীর্ঘদিন ধরে দলীয় শৃঙ্খলা ভঙ্গ করে আসছিলেন, যা সংগঠনের নীতিমালার পরিপন্থী। বহিষ্কারের তালিকায় রয়েছেন নোয়াখালী, পটুয়াখালী ও পিরোজপুর জেলার বিভিন্ন পর্যায়ের বিএনপি নেতারা। এর মধ্যে উল্লেখযোগ্য হলেন- নোয়াখালী জেলা বিএনপির সাবেক সদস্য খন্দকার আবুল কালাম, হাতিয়া পৌর বিএনপির সাবেক সভাপতি কাজী আব্দুর রহিম, সাবেক ২ এর পাতায় দেখুন

## পায়রা বন্দর কর্মচারীদের ভোট বর্জনের আল্টিমেটাম

**কলাপাড়া প্রতিনিধি**

দাবি না মানলে কঠোর কর্মসূচি ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট না দেওয়ার আল্টিমেটাম দিয়েছে পায়রাবন্দরের কর্মচারীরা। সোমবার বেলা সাড়ে ১১ টায় এক দফা এক দাবি ৯ম পে-স্কেলের গেজেট জারির দাবিতে অবস্থান, কর্ম বিরতি ও বিক্ষোভ কর্মসূচি পালনকালে এমন আল্টিমেটাম দেন পায়রা বন্দর কর্তৃপক্ষের ২ এর পাতায় দেখুন

## পে-স্কেল বাস্তবায়নের দাবিতে বরিশালে বিক্ষোভ

**কীর্তনখোলা রিপোর্ট**

পে-কমিশনের সুপারিশ করা বৈষম্যহীন নবম পে-স্কেলসহ ৭ দফা দাবি বাস্তবায়নের দাবিতে বরিশাল সিটি করপোরেশনের (বিসিসি) গেটে অবস্থান ও বিক্ষোভ করেছেন সেখানকার কর্মচারীরা। কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসাবে সোমবার (২ ফেব্রুয়ারি) সকাল ৯টা থেকে দুই ঘণ্টা বরিশাল সিটি কর্পোরেশন কর্মচারী ইউনিয়নের উদ্যোগে এই কর্মসূচি হয়। এ সময় তাদের সব দাবি মেনে নিতে সরকারের কাছে জোর দাবি জানান। বিসিসি কর্মচারী ইউনিয়নের সভাপতি নূর খানের সভাপতিত্বে বিক্ষোভ কর্মসূচিতে বক্তৃতা দেন, বাংলাদেশ কর্মচারী দাবি আদায় ঐক্য পরিষদ বরিশাল জেলা শাখার প্রধান উপদেষ্টা আব্দুল লতিফ, যুগ্ম আহ্বায়ক মোহা. মানিক মৃধা, বিসিসি কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক আনিছুর রহমান প্রমুখ। বক্তারা বলেন, কম বেতনে পরিবার নিয়ে ২ এর পাতায় দেখুন

দৈনিক
**কীর্তনখোলা**
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

## প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলাঃ** নলছিটি, রাজাপুর, **পটুয়খালী জেলাঃ** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলাঃ** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলাঃ** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলাঃ** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

# সম্পাদকীয়

## ভীতিকর পরিবেশ কাম্য নয়

জাতীয় সংসদ নির্বাচনের প্রচারণা চলবে ১০ ফেব্রুয়ারি সকাল সাড়ে ৭টা পর্যন্ত। বাকি আর মাত্র ৯ দিন। সাধারণত এই সময়ে দেশব্যাপী একটি উৎসবমুখর পরিবেশ তৈরি হয়। এবার সেই পরিবেশের কিছুটা ঘাটতি দেখা যাচ্ছে। মানুষের মাঝে এক ধরনের ভয় ও আতঙ্ক কাজ করছে। আর তার অন্যতম কারণ হচ্ছে অবনতিশীল আইন-শৃঙ্খলা পরিস্থিতি। যেমন বাড়ছে খুন-সন্ত্রাসসহ সাধারণ অপরাধ, তেমনি বাড়ছে রাজনৈতিক সহিংসতা, মব সন্ত্রাস ও হত্যাকাণ্ড। প্রকাশিত একাধিক প্রতিবেদনে এমন চিত্রই উঠে এসেছে। প্রতিবেদন অনুযায়ী, গত বছরের জানুয়ারি থেকে চলতি বছরের জানুয়ারি পর্যন্ত ১৩ মাসে সারা দেশে শুধু রাজনৈতিক সহিংসতায় ১৪৬ জন নিহত হয়েছেন। প্রার্থী, সম্ভাব্য প্রার্থী, দলীয় কর্মী-সমর্থক অনেকেই আক্রান্ত হয়েছেন। পুলিশ সদর দপ্তরের তথ্য অনুযায়ী, গত ১২ ডিসেম্বর থেকে চলতি বছরের ২৬ জানুয়ারি পর্যন্ত ৪৫ দিনে সারা দেশে ১৪৪টি নির্বাচনী সহিংসতার ঘটনা ঘটে। এর মধ্যে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে ৫৫টি সংঘর্ষের ঘটনা ঘটে। ভীতি প্রদর্শন ও আক্রমণাত্মক আচরণের ঘটনা ঘটেছে ১১টি, প্রার্থীর ওপর আক্রমণের ঘটনা ছয়টি এবং অবৈধ অস্ত্রের ব্যবহার দুটি। এর বাইরে প্রচারকাজে বাধা প্রদানের ঘটনা ১৭টি, নির্বাচনসংশ্লিষ্ট অফিস ও প্রতিষ্ঠানে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা আটটি, অবরোধ-বিক্ষোভের মতো ঘটনা ১০টি, সংখ্যালঘুদের ওপর আক্রমণের ঘটনা একটি এবং অন্যান্য ঘটনা ২৪টি। সর্বশেষ গত শুক্রবারও নোয়াখালীর দ্বীপ উপজেলা হাতিয়ায় দুটি রাজনৈতিক দলের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে আহত হন অন্তত ১০ জন। পুলিশ ও মানবাধিকার সংস্থার তথ্য বলছে, দেশের বিভিন্ন এলাকায় ১ থেকে ২৯ জানুয়ারি পর্যন্ত ৬৫টি রাজনৈতিক সহিংসতার ঘটনায় ১০ জন নিহত এবং ৫৫৫ জন আহত হয়েছেন। অপরাধ বিশ্লেষকরা বলছেন, সাংঘর্ষিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীগুলোকে আরো দায়িত্বশীল হতে হবে। ভোটের মাঠে বিদ্যমান আতঙ্ক দূর করতে হবে। এদিকে রাজনৈতিক সহিংসতার পাশাপাশি অন্যান্য অপরাধ কর্মকাণ্ডও দ্রুত বাড়ছে। প্রতিনিয়ত খুনাখুনি বা লাশ উদ্ধারের ঘটনা ঘটছে। পুলিশ, মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস) ও আসক এবং হাসপাতাল সূত্রে জানা যায়, চলতি বছরের ১ থেকে ২৯ জানুয়ারি পর্যন্ত সারা দেশে প্রতিদিনই একাধিক ব্যক্তি খুন হয়েছেন। গতকালের কালের কণ্ঠ অনুযায়ী, গত বৃহস্পতিবার রাতে নরসিংদীর বেলাব উপজেলায় এক সাবেক ছাত্রলীগ নেতার বস্তাবন্দি মৃতদেহ উদ্ধার করা হয়। রাজশাহীতে স্ত্রীর লাশসহ এক সাংবাদিককে আহত অবস্থায় উদ্ধার করা হয়। আরো দুই জেলায় দুই হত্যাকাণ্ড ঘটে ও দুই লাশ উদ্ধার করা হয়। জানা গেছে, আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর প্রায় ৯ লাখ সদস্য এবার নির্বাচনী নিরাপত্তা নিশ্চিত করতে দায়িত্ব পালন করবেন। ভোটের চার দিন আগে থেকে এই বিশাল বাহিনী মাঠে নামবে। তবে এর আগেই সারা দেশে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর বিশেষ অভিযান চলছে। কিন্তু তার পরও দেশে রাজনৈতিক সহিংসতার ঘটনা বেড়েই চলেছে, যা নিয়ে প্রবল আশঙ্কা প্রকাশ করছেন নির্বাচনসংশ্লিষ্ট ব্যক্তিরা। এরই মধ্যে যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশ সহিংসতার আশঙ্কায় বাংলাদেশে অবস্থানরত তাদের নাগরিকদের জন্য সতর্কতা জারি করেছে। আমরা আশা করি, আসন্ন নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণ করার লক্ষ্যে প্রশাসন আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করবে। ভীতিকর পরিবেশ কোনোভাবেই কাম্য নয়।

## পে-স্কেল বাস্তবায়নের

খুব কষ্টে দিন কাটছে। তাই দ্রুত সময়ে আমাদের ন্যায্য দাবি নবম পে-স্কেল বাস্তবায়নের জন্য সরকারের প্রতি জোর দাবি জানাচ্ছি। যদি দ্রুত দাবি মেনে নেওয়া না হয় তাহলে ঐক্যবদ্ধভাবে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন বক্তারা।

## পায়রা বন্দর কর্মচারীদের

সকল স্তরের কর্মচারীরা। এসময় পায়রাবন্দর সম্মুখ গেটে বন্দর কর্মচারী ইউনিয়নের আহবানে দ্বিতীয় দিনের মত ২ ঘন্টা ব্যাপী অবস্থান নিয়ে বিক্ষোভ করেন তারা। কর্মসূচিতে বক্তব্য রাখেন, পায়রাবন্দর মেডিকেল অফিস সহায়ক তাপসী দাস, ইনল্যান্ড মাষ্টার আবদুল কাদের, শেখুল আরেফিন ও হিসাব সহকারী শফিকুল ইসলাম। বিক্ষোভকারী তাপসী দাস বলেন, গত ১৫ বছরে দ্রব্য মূল্য কয়েকগুণ বৃদ্ধি হলেও বেতন ভাতা বারেনি তাদের। ফলে সংসারে উপার্জনক্ষম হয়েও টানাপোড়েনের মধ্যে দিয়েই চলছে জীবন যাপন। তাই সরকারের কাছে জোর দাবী জানিয়েছেন তিনি। কর্মচারী ইউনিয়নের সভাপতি শেখুল আরেফিন (ইনল্যান্ড মাষ্টার,১ম শ্রেণি) বলেন, দীর্ঘদিন যাবৎ পে-স্কেল বাস্তবায়নের জন্য আন্দোলন করে আসছেন কর্মচারীরা। সরকার একটি কমিশন গঠন করেছে। যে কমিশনের রিপোর্ট সরকারের হাতেও চলে এসছে। কিন্তু গেজেট প্রকাশে বিলম্বতায় ক্ষোভে ফুঁসে উঠেছে সকল স্তরের কর্মচরীরা। দাবী না মানলে আরও কঠোর কর্মসূচি পালন সহ ভোট না দেওয়ার আল্টিমেটাম দেন কর্মচারীরা।

## পটুয়াখালী ও পিরোজপুরসহ

সাধারণ সম্পাদক আলাউদ্দিন আলো, হাতিয়া উপজেলা বিএনপির সাবেক সহ-সভাপতি মোছলে উদ্দিন নিজাম চৌধুরী, অ্যাডভোকেট মো. ইউনুছ, সাংগঠনিক সম্পাদক ইকবাল উদ্দিন রাশেদসহ একাধিক নেতা। পটুয়াখালী জেলার দশমিনা ও গলাচিপা উপজেলা বিএনপির সাবেক ও বর্তমান বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরাও বহিষ্কারের আওতায় পড়েছেন। তাঁদের মধ্যে আছেন দশমিনা উপজেলা বিএনপির সাবেক সহসভাপতি মো. হোসেন হাওলাদার, যুগ্ম সাধারণ সম্পাদক ফখরুজ্জামান বাদল, গলাচিপা উপজেলা বিএনপির সাবেক সভাপতি সিদ্দিকুর রহমান, সহসভাপতি মিজানুর রহমান খন্দকার, সাবেক সাধারণ সম্পাদক আব্দুস সাত্তার হাওলাদারসহ ইউনিয়ন ও পৌর পর্যায়ের নেতারা। এ ছাড়া পিরোজপুর জেলার স্বরূপকাঠি পৌর ও ইউনিয়ন বিএনপির সাবেক নেতৃবৃন্দ এবং কেন্দ্রীয় কৃষকদলের একজন সদস্যকেও বহিষ্কার করা হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, বহিষ্কৃত ব্যক্তিরা বিএনপির কোনো সাংগঠনিক কার্যক্রমে অংশ নিতে পারবেন না এবং দলের সঙ্গে তাদের সব ধরনের সম্পর্ক স্থগিত থাকবে। দলীয় শৃঙ্খলা বজায় রাখতে ভবিষ্যতেও এ ধরনের ব্যবস্থা অব্যাহত থাকবে বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

## বরিশালে সপ্তাহের ব্যবধানে

গত সপ্তাহে ৫০ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ৫ টাকা কমে ৪৫ টাকা, বেগুন গত সপ্তাহে ৩৫ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ৪০ টাকা, করল্লা গত সপ্তাহে ৪০ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ৬০ টাকা, পেঁপে গত সপ্তাহের দামে ১৫-২০ টাকা, লাউ ২০-২৫ টাকা, মিষ্টি কুমড়া ৩০ টাকা, টমেটো গত সপ্তাহের দামে ৩০ টাকা, গাজর গত সপ্তাহে ২৫ টাকা, কাঁচকলা ১২-১৪ টাকা ও লেবু ৩৫ টাকা হালি বিক্রি হচ্ছে। এদিকে পোর্ট রোড বাজার, বাংলাবাজার বাজার, সাগরদী বাজারসহ বেশকিছু খুচরা বাজার ঘুরে দেখা গেছে, কাঁচামরিচ ১২০-১৩০ টাকা, ফুলকপি ৪০-৪৫ টাকা, বাঁধাকপি ২০ টাকা, শিম ৫০-৫৫ টাকা, শসা ৬০ টাকা, বেগুন ৫০ টাকা, করল্লা ৭০ টাকা, পেঁপে ৩০ টাকা, লাউ ৩০ টাকা, মিষ্টি কুমড়া ৩০ টাকা, টমেটো ৫০ টাকা, গাজর ৪০ টাকা, কাঁচকলা ২৫ টাকা ও লেবু ৪০ টাকা হালি বিক্রি হচ্ছে। এছাড়া মাংসের বাজারে ব্রয়লার মুরগি গত সপ্তাহে ১৬০ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ১৭০ টাকা বিক্রি হচ্ছে। এছাড়া সোনালি মুরগি ২৬০-২৭০ টাকা, লেয়ার মুরগি ২৫০-২৭০ টাকা দরে। গরুর মাংস ৭৫০ টাকা ও খাসির মাংস ১১৫০ টাকা কেজিতে বিক্রি হচ্ছে। অপরদিকে বিভিন্ন মাছ গত সপ্তাহের দামে বিক্রি হচ্ছে। এর মধ্যে রুই মাছ ৩০০-৪৫০ টাকা, টেংরা মাছ ৫০০-৬০০ টাকা, ঘেরের তেলাপিয়া ১২০-১৪০ টাকা, পাঙাশ মাছ ১৮০-২২০ টাকা, চিংড়ি প্রকারভেদে ৫৫০-৮৫০ টাকা, পাবদা ২৫০-৪০০ টাকা, মাঝারি ভেটকি ৪০০ টাকা। নগরীর বাংলাবাজারের খুচরা সবজি বিক্রেতা তৌহিদ জানান, এখন সব সবজির সরবরাহ স্বাভাবিক থাকায় দামও স্থিতিশীল রয়েছে। তবে পাইকারি বাজারের তুলনায় খুচরা সবজির দাম কিছুটা বেশি হবে। কারণ পাইকারি বাজার থেকে সবজি কিনে লেবার খরচ, ভ্যান ভাড়া দিয়ে সবজি আনতে হয়। পরে বাজারে বিক্রি করতে হলে ইজারা, বিদ্যুৎ বিল দিতে হয়।

## কড়া নিরাপত্তায় বরিশালসহ বিভিন্ন

কর্মকর্তার কার্যালয়ে সংরক্ষণ করা হবে। ভোটের আগের দিন কড়া পাহারায় সেগুলো নির্ধারিত ভোটকেন্দ্রে পৌঁছে দেওয়া হবে।" নির্বাচন কমিশন জানিয়েছে, এবারের নির্বাচনে দেশের ৬৪ জেলার ৩০০টি আসনে মোট ২ হাজার ১৭ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। তাদের নাম ও প্রতীক সংবলিত ব্যালট পেপার মুদ্রণের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া সংসদ নির্বাচনের পাশাপাশি অনুষ্ঠেয় গণভোটের ব্যালট পেপার ইতোমধ্যে বিভিন্ন জেলায় পাঠানো হয়েছে বলে নিশ্চিত করেছে কমিশন। আগামী ১২ ফেব্রুয়ারি সারা দেশে একযোগে জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে রাজনৈতিক দলগুলো এখন শেষ মুহূর্তের প্রচারণায় ব্যস্ত সময় পার করছে। ১০ ফেব্রুয়ারি পর্যন্ত আনুষ্ঠানিক প্রচার-প্রচারণা চলবে।

## ঝালকাঠিতে মাদক মামলায়

সাব্যস্ত করে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড এবং ৫০ হাজার টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়। এছাড়া একই আইনের ৩৩ এর (ক) ধারায় আনা অভিযোগও সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে ২ বছরের সশ্রম কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত করা হয়। এ অর্থদণ্ড অনাদায়ে আরও ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড ভোগ করতে হবে। আদালত নির্দেশ দেন, উভয় সাজা একত্রে চলবে। রায়ে আরও বলা হয়, দণ্ডপ্রাপ্ত আসামি মো. মাইনুল ইসলাম ফয়সালের এই মামলায় হাজতবাসকালীন সময় প্রদত্ত সাজার মেয়াদ থেকে বাদ যাবে। রাষ্ট্রপক্ষের আইনজীবীরা জানান, মামলার সাক্ষ্যপ্রমাণ ও উপস্থাপিত আলামত পর্যালোচনা শেষে আদালত এ রায় প্রদান করেন।

## নির্বাচন ঘিরে দেড় মাসে

বা আক্রমণাত্মক আচরণের ঘটনা ঘটেছে ১৬টি, প্রার্থীর ওপর আক্রমণের ঘটনা ঘটেছে ১৫টি, হত্যাকাণ্ড ঘটেছে পাঁচটি, প্রতিদ্বন্দ্বী সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে ৮৯টি এবং অবৈধ অস্ত্রের ব্যবহারের ঘটনা ঘটেছে তিনটি। এ ছাড়া হুমকি ও ভয়ভীতি প্রদর্শনের ঘটনা ঘটেছে ৯টি, প্রচার কাজে বাধা দেওয়ার ঘটনা ঘটেছে ২৯টি, নির্বাচন সংশ্লিষ্ট অফিস ও প্রতিষ্ঠানে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে ২০টি, অবরোধ ও বিক্ষোভের ঘটনা ঘটেছে ১৭টি, সংখ্যালঘুদের ওপর আক্রমণের ঘটনা ঘটেছে ১টি এবং অন্যান্য ঘটনা ঘটেছে ৭০টি। বিগত দশম, একাদশ ও দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ঘিরে হওয়া সহিংসতার ঘটনার পরিসংখ্যানও তুলে ধরা হয়েছে বিজ্ঞপ্তিতে। প্রেস উইংয়ের তথ্যমতে, ২০২৪ সালের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের এক মাসে (২১ ডিসেম্বর ২০২৩- ১০ জানুয়ারি ২০২৪) ৫৩৪টি সহিংসতার ঘটনা ঘটে। এসব ঘটনায় আহত হন ৪৬০ জন এবং নিহত হন ৬ জন। তখন ভাঙচুরের ঘটনা ঘটে ১০২টি, অগ্নিসংযোগের ঘটনা ঘটে ১১৮টি এবং ককটেল ও পেট্রোল বোমা বিস্ফোরণ এবং গুলির ঘটনা ঘটে ৩০টি। ২০১৮ সালের একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ২২ দিনে (১০ ডিসেম্বর ২০১৮- ২ জানুয়ারি ২০১৯) ৪১৪টি সহিংসতার ঘটনা ঘটে। এসব ঘটনায় আহত হন ৭৮০ জন এবং নিহত হন ২২ জন। তখন ভাঙচুরের ঘটনা ঘটে ২৩৪টি, অগ্নিসংযোগের ঘটনা ঘটে ১৫৫টি এবং ককটেল ও পেট্রোল বোমা বিস্ফোরণ এবং গুলির ঘটনা ঘটে ১৪৩টি। ২০১৪ সালের দশম জাতীয় সংসদ নির্বাচনের ১২ দিনে (২২ ডিসেম্বর ২০১৩- ৪ জানুয়ারি ২০১৪) ৫৩০টি সহিংসতার ঘটনা ঘটে। এসব ঘটনায় আহত হন ৩১৫ জন এবং নিহত হন ১১৫ জন। তখনকার ভাঙচুর, অগ্নিসংযোগ, ককটেল ও পেট্রোল বোমা বিস্ফোরণের কোনো তথ্য জানায়নি প্রেস উইং।

## তিন বছর পর প্রথম

মূল্যায়নও বহাল থাকবে। জাতীয় শিক্ষাক্রমের মূল্যায়ন পদ্ধতি পরিমার্জনের অংশ হিসেবে এ সিদ্ধান্ত নিয়েছে জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি (এনসিসিসি)। রোববার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব (বিদ্যালয়-১) রাজীব কুমার সরকার স্বাক্ষরিত এক চিঠি থেকে এসব তথ্য জানা যায়। ২০২৩ সালে বিগত সরকারের প্রণীত নতুন শিক্ষাক্রম বাস্তবায়নের পর প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে পরীক্ষা নেওয়া বন্ধ করা হয়। ওই শিক্ষাক্রম অনুযায়ী প্রাক-প্রাথমিক পর্যায়ে কোনো মূল্যায়ন ছিল না। প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে সব বিষয়ে কেবল ধারাবাহিক মূল্যায়ন এবং তৃতীয় থেকে পঞ্চম শ্রেণিতে ৫০ শতাংশ সামষ্টিক ও ৫০ শতাংশ ধারাবাহিক মূল্যায়নের বিধান ছিল। ২০২৪ সালের ৫ আগস্ট সরকার পরিবর্তনের পর মাধ্যমিক পর্যায়ের নতুন শিক্ষাক্রম বাতিল করা হলেও প্রাথমিক পর্যায়ের শিক্ষাক্রম বহাল রাখা হয়। তবে মূল্যায়ন পদ্ধতিতে পরিবর্তন আনা হয়। এর ফলে ২০২৫ সালেও প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে পরীক্ষা হয়নি। সংশোধিত নির্দেশনায় তৃতীয় থেকে পঞ্চম শ্রেণিতে ৩০ শতাংশ ধারাবাহিক এবং ৭০ শতাংশ সামষ্টিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়নের কথা বলা হয়। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) শিক্ষাক্রম উন্নয়ন ও মূল্যায়ন শাখার ঊর্ধ্বতন বিশেষজ্ঞ মো. সাফায়েত আলম সোমবার দুপুরে জানান, গত ২৬ জানুয়ারি অনুষ্ঠিত এনসিসিসির সভায় প্রাথমিকের প্রথম থেকে পঞ্চম শ্রেণির মূল্যায়ন পদ্ধতিতে পরিবর্তনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সংশোধিত মূল্যায়ন পদ্ধতি সম্পর্কে এনসিটিবির শিক্ষক প্রশিক্ষণ ও অ্যাসেসমেন্ট শাখার ঊর্ধ্বতন বিশেষজ্ঞ মাফরুহা নাজনীন বলেন, প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে যেসব বিষয়ে পাঠ্যপুস্তক ও শিক্ষক সহায়িকার মাধ্যমে পাঠদান কার্যক্রম পরিচালিত হয়, সেসব বিষয়ে ৫০ শতাংশ ধারাবাহিক ও ৫০ শতাংশ সামষ্টিক মূল্যায়ন থাকবে। আর যেসব বিষয়ে শুধু শিক্ষক সহায়িকার মাধ্যমে পাঠদান করা হয়, সেসব বিষয়ে শতভাগ ধারাবাহিক মূল্যায়ন হবে এবং কোনো সামষ্টিক মূল্যায়ন থাকবে না। তিনি আরও বলেন, তৃতীয় থেকে পঞ্চম শ্রেণিতে পাঠ্যপুস্তক ও শিক্ষক সহায়িকার মাধ্যমে পাঠদান হওয়া বিষয়ে ৩০ শতাংশ ধারাবাহিক এবং ৭০ শতাংশ সামষ্টিক মূল্যায়ন কার্যকর থাকবে। এ ছাড়া এসব শ্রেণিতে যেসব বিষয়ে কেবল শিক্ষক সহায়িকার মাধ্যমে পাঠদান করা হয়, সেগুলোতে শতভাগ ধারাবাহিক মূল্যায়ন হবে। নতুন মূল্যায়ন পদ্ধতি চলতি বছর থেকেই কার্যকর হবে জানিয়ে তিনি বলেন, প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয় নিজ উদ্যোগে প্রান্তিক পরীক্ষার প্রশ্নপত্র তৈরি করবে। প্রয়োজনে পার্শ্ববর্তী একাধিক বিদ্যালয় সমন্বিতভাবে প্রশ্নপত্র প্রস্তুত করতে পারবে। প্রতি প্রান্তিক পরীক্ষায় প্রতিটি বিষয়ে পাঠ্যপুস্তকের অনুশীলন থেকে কমপক্ষে ৩০ শতাংশ প্রশ্ন রাখতে হবে। এনসিসিসির সভার কার্যবিবরণী আনুষ্ঠানিকভাবে হাতে পাওয়ার পর এনসিটিবি মূল্যায়ন সংক্রান্ত নির্দেশনা জারি করে তা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে পাঠাবে বলেও জানান তিনি। প্রাক-প্রাথমিক পর্যায়ের মূল্যায়নে কোনো পরিবর্তন আসছে কি না এমন প্রশ্নের জবাবে মাফরুহা নাজনীন বলেন, আগের মতোই প্রাক-প্রাথমিক পর্যায়ে কোনো মূল্যায়ন ব্যবস্থা থাকছে না।

## প্রশাসনে 'দলীয় প্রভাব'

ওপর হামলার অভিযোগ তুলে নির্বাচন কমিশনের (ইসি) কাছে উদ্বেগ প্রকাশ করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। অনেক জায়গায় স্থানীয় প্রশাসন ও পুলিশ হামলাকারীদের বিরুদ্ধে ব্যবস্থা না নিয়ে উল্টো পক্ষপাতমূলক আচরণ করছে ইসিতে অভিযোগ জানিয়েছে দলটি। সোমবার (২ ফেব্রুয়ারি) নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনারের (সিইসি) সঙ্গে সাক্ষাৎ শেষে এনসিপির প্রতিনিধি দল সাংবাদিকদের এসব কথা জানায়। প্রতিনিধি দলে ছিলেন এনসিপির যুগ্ম সদস্য সচিব আকরাম হোসাইন, অ্যাডভোকেট হুমায়রা নূর এবং কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব আয়মান রাহাত। বৈঠক শেষে আয়মান রাহাত অভিযোগ করে বলেন, বিএনপির সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আলতাফ হোসেন চৌধুরী জনসভায় প্রকাশ্যে বলেছেন যে, তাদের প্রার্থী বাছাইয়ে পুলিশ, এনএসআই এবং ডিজিএফআই-এর জরিপ ব্যবহার করা হয়েছে। রাষ্ট্রীয় তিনটি গুরুত্বপূর্ণ সংস্থা যদি একটি দলের প্রার্থী বাছাইয়ের কাজ করে, তবে তারা নির্বাচনে কতটা নিরপেক্ষ থাকবে? এটি অত্যন্ত অ্যালার্মিং। আয়মান রাহাত জানান, বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের কৃষি ঋণ মওকুফের ঘোষণার পরই বাংলাদেশ ব্যাংকের একজন পরিচালক ব্যক্তিগত কারণ দেখিয়ে বিভিন্ন ব্যাংকে চিঠি পাঠিয়েছেন ঋণ গ্রহীতাদের তথ্য চেয়ে। একটি নির্দিষ্ট রাজনৈতিক দলের অ্যাজেন্ডা বাস্তবায়নে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের কর্মকর্তাদের এমন ব্যবহার নির্বাচনী পরিবেশকে প্রশ্নবিদ্ধ করছে। তারা ওই কর্মকর্তার দ্রুত প্রত্যাহার দাবি করেন। হাতিয়া ও শেরপুরের ঘটনার উদাহরণ টেনে প্রতিনিধি দলটি জানায়, নোয়াখালী-৬ আসনে ফেরি উদ্বোধনকে কেন্দ্র করে এনসিপি ও জামায়াতের ওপর হামলার ভিডিও ফুটেজ থাকলেও পুলিশ কাউকে গ্রেপ্তার করেনি। উল্টো প্রশাসনের কর্মকর্তারা হামলাকারীদের পক্ষ নিচ্ছেন বলে অভিযোগ করেন তারা। এছাড়া শেরপুরে জামায়াত নেতা নিহতের ঘটনায় আসামিরা হাইকোর্ট থেকে আগাম জামিন পাওয়ায় উদ্বেগ প্রকাশ করা হয়। তিনি বলেন, আসন্ন গণভোট নিয়ে বিভিন্ন মহলে অপপ্রচার চালানো হচ্ছে। 'হ্যাঁ' ভোট দিলে সংবিধান থেকে বিসমিল্লাহ বা মুক্তিযুদ্ধের চেতনা মুছে যাবে, এমন বিভ্রান্তিকর তথ্যের বিরুদ্ধে ইসিকে কঠোর হওয়ার আহ্বান জানান তারা। এছাড়া জামায়াতে ইসলামীর নারী কর্মীদের ওপর হামলা ও অনলাইনে হয়রানির ঘটনায় উদ্বেগ প্রকাশ করে নারী প্রার্থীদের জন্য নিরাপদ পরিবেশ নিশ্চিত করার দাবি জানানো হয়। নির্বাচন কমিশনের পক্ষ থেকে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেওয়া হলেও তাতে পুরোপুরি আশ্বস্ত হতে পারছে না এনসিপি। আয়মান রাহাত বলেন, হামলার তিন-চার দিন পার হয়ে গেলেও যখন কেউ গ্রেপ্তার হয় না, তখন আশ্বাসের কোনো মূল্য থাকে না। একটি নির্দিষ্ট পক্ষ যখন অনবরত হামলা করে পার পেয়ে যাচ্ছে, তখন লেভেল প্লেয়িং ফিল্ড বা সুষ্ঠু নির্বাচন নিয়ে প্রশ্ন থেকেই যায়।

## মাঘ মাসে মাথা এত গরম

দিয়েছে। এটা দেখে অনেকের মাথা গরম। মাঘ মাসে মাথা যদি এত গরম হয়ে যায়, চৈত্র মাসে কী হবে? তিনি বলেন, যেদিকে যায় মাথা গরমের লক্ষণ ফুটে ওঠে। মানুষ যখন নিজের ব্যর্থতার গ্লানি নিজের চোখের সামনে দেখতে পায়, তখন চোখে সর্ষে ফুল ফোটে। সোমবার (২ ফেব্রুয়ারি) দুপুর আড়াইটায় চট্টগ্রামের লোহাগাড়া উপজেলার পদুয়ায় নির্বাচনি জনসভায় দেওয়া বক্তব্যে তিনি এসব কথা বলেন। জামায়াত আমির বলেন, যে যুবকরা বুক চিতিয়ে লড়াই করে বাংলাদেশকে হাতে ধরে রাস্তায় তুলে দিয়েছে, ওই যুবকরাই আগামীর বাংলাদেশ গড়বে। তারা ঘুমিয়ে পড়েনি, তারা জেগে আছে। জুলাই বিপ্লবে নারীদের অবদান অপরিসীম উল্লেখ করে তিনি বলেন, বিপ্লব সফল করতে আমাদের মা-বোনদের অবদান অপরিসীম। মায়েরা যেদিন রাস্তায় নেমে এসেছিল, সেদিন স্বৈরাচার বুঝেছিল- তাদের আয়ু শেষ। দিশেহারা হয়ে ৩১ জুলাই সম্পূর্ণ বেআইনিভাবে জামায়াতকে নিষিদ্ধ করেছিল। জামায়াত আমির বলেন, আমরা চাই দালালমুক্ত বাংলাদেশ। আমরা চাঁদাবাজমুক্ত ও দুর্নীতিবাজমুক্ত বাংলাদেশ চাই। আমরা মামলাবাজমুক্ত বাংলাদেশ চাই। আমরা ব্যাংক ডাকাতমুক্ত বাংলাদেশ চাই। আমরা ঋণখেলাপিমুক্ত বাংলাদেশ চাই। আমরা একটা মানবিক বাংলাদেশ চাই। তিনি বলেন, রাজনীতির নোংরা পথ দিয়ে আর হাঁটা যাবে না, রাজনীতির পরিষ্কার সদর রাস্তা দিয়ে হাঁটতে হবে। জুলাইযোদ্ধা ও শহীদদের কথা দিচ্ছি আমরা তোমাদের সঙ্গে বেঈমানি করবো না। আমরা আমাদের জীবন দেবো, কিন্তু জুলাই কাউকে দেবো না। একটি দলের প্রতি ইঙ্গিত করে তিনি বলেন, সাড়ে ১৫ বছর আমরা সবাই মজলুম ছিলাম। কিন্তু ৫ আগস্টের পর কিছু লোক রাস্তাঘাটে, বিভিন্ন স্ট্যান্ডে, দোকানে, মিল-ফ্যাক্টরি-কারখানায়, ঘরবাড়িতে সব জায়গায় গিলে বললো 'আমি চাঁদাবাজ, আমার অংশ আমাকে দাও, আমার অংশ না দিয়ে তুমি কিছু করতে পারবা না।' বিএনপির বেকার ভাতার প্রতিশ্রুতির সমালোচনা করে তিনি বলেন, যুবকরা বেকার ভাতা নয়, কাজ চায়। চব্বিশের বিপ্লবে যুবকরা বেকার ভাতার কথা বলেনি। তারা মেধার ভিত্তিতে কাজ চেয়েছিল। তারা দেশ গড়ার কারিগর হিসেবে কাজ করতে চায়। তিনি বলেন, আমরা অপরাধ-দুর্নীতি বরদাশত করবো না। আমরা অপরাধের কান ধরে টান দেবো। বিগত ৫৪ বছরের নেতৃত্ব আমাদের সুস্থ মাথার প্রমাণ দিতে পারেনি। এজন্য জনগণের টাকা লুণ্ঠন করে নিজেরা বড়লোক হয়েছে, কিন্তু জনগণের পাওনা জনগণ পায়নি। গণভোটে 'হ্যাঁ' দেওয়ার ঘোষণা দিয়ে জামায়াত আমির বলেন, যারা ন্যায় ইনসাফের বাংলাদেশ চায় না, তারা পুরনো বন্দোবস্ত চায়। তারাই যেনতেন একটি বাংলাদেশ চায়। পেছনে তাকানোর সুযোগ নেই। নতুন বাংলাদেশ গড়তে গণভোটে 'হ্যাঁ' বলতে হবে। একটি দলের প্রধানের 'হ্যাঁ' এর পক্ষে থাকার বক্তব্যের প্রতি ইঙ্গিত করে ডা. শফিকুর বলেন, তারা গণভোট চায়নি, তাদের দাবি মেনে নিয়েই একইদিনে গণভোটের সিদ্ধান্ত হলো। তারপরও তাদের নেতাকর্মীরা বলছে, আমরা গণভোট মানি না, গণভোট দরকার নাই। কিন্তু চতুর্দিকে যখন জনগণের ঠেলা শুরু হয়েছে, ঠেলার নাম বাবাজি। এখন আস্তে আস্তে শিশুর মতো মুখে ফুটতে শুরু করেছে 'গণভোটে হ্যাঁ বলুন'।

## একটি দল মা-বোনদের তুচ্ছ-তাচ্ছিল্য

দল ৫ আগস্টের পর মা-বোনদের তুচ্ছ-তাচ্ছিল্য করছে। মা-বোনদের ঘরে বন্দি করতে চাচ্ছে। তারা এনআইডি নম্বর ও বিকাশ নম্বর নিচ্ছেন। তাহলে অসৎ প্রস্তাব দিয়ে তারা কীভাবে সৎ লোকের শাসন কায়েম করবেন? দলের চেয়ারম্যান তারেক রহমান আরও বলেন, একটি দলের প্রধান বিদেশি মিডিয়ায় সাক্ষাৎকারে ক্ষমতায় গেলে নারীদের কী চোখে দেখবেন তা বলছেন। অথচ একদিন আগে সেই নেতা কর্মজীবী নারীদের সম্পর্কে অত্যন্ত আপত্তিকর কথা বলেছেন। যারা নিজের দেশের অর্ধেক মানুষ সম্পর্কে এমন অপমানজনক কথা বলতে পারেন, তাদের কাছে ভালো কিছু আশা করা যায় না। আবার তাদের এই বক্তব্যের যখন তীব্র প্রতিক্রিয়া হলো, তখন বললেন অ্যাকাউন্ট নাকি হ্যাক হয়েছিল। এটি মিথ্যা কথা। কারণ তারপরে আরও অনেক বক্তব্য সেখানে প্রচার হয়েছে। নিজেদের রক্ষা করতে তারা মিথ্যা কথা বলছে। যারা এমন প্রকাশ্যে মিথ্যা কথা বলতে পারে, তারা জনগণের বন্ধু হতে পারে না। সোমবার (২ ফেব্রুয়ারি) দুপুরে যশোর উপশহর ডিগ্রি কলেজ মাঠে বিএনপির নির্বাচনি জনসভায় প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন তারেক রহমান। বিএনপির চেয়ারম্যান বলেন, নারীদেরকে শিক্ষিত করে তুলতে বেগম জিয়া মেয়েদের শিক্ষা ফ্রি করে দিয়েছিলেন। এবার খালেদা জিয়ার দল সরকার গঠন করতে পারলে মা-বোনদের হাতে ফ্যামিলি কার্ড পৌঁছে দেওয়া হবে। তিনি আরও বলেন, 'বিগত সরকারের মতো আমি-ডামি আর নিশিরাতের ভোট করে যেভাবে মানুষের ভোটের অধিকার কেড়ে নেওয়া হয়েছিল, ঠিক সেভাবেই নির্বাচনকে বাধাগ্রস্ত করতে উঠেপড়ে লেগেছে একটি দল। ভোট গণনার নামে কেউ কোনো সুযোগ নিতে চায়, তাদেরকে প্রতিহত করতে হবে।' শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের খনন করা উলাসী খালসহ এ অঞ্চলের খাল-বিল পুনঃখনন এবং জলাবদ্ধতা নিরসনে জিকে প্রকল্প পুনরায় চালু করা হবে উল্লেখ করে তারেক রহমান বলেন, 'বিএনপি সরকার গঠন করলে সব প্রকল্প নেওয়া হবে সাধারণ মানুষের ভাগ্যের পরিবর্তনের জন্য।' বিএনপি সরকার গঠন করলে মসজিদের ইমাম-মুয়াজ্জিন ও অন্য ধর্মের পুরোহিতদের রাষ্ট্র সম্মানী দেবে উল্লেখ করে তারেক রহমান বলেন, বিএনপি ক্ষমতায় গেলে হিন্দু মুসলিম বৌদ্ধ খ্রিস্টান সব ধর্মের মানুষকে সঙ্গে নিয়ে দেশ গড়বে। উন্নয়নের প্রতিশ্রুতি দিয়ে বিএনপির চেয়ারম্যান বলেন, বিএনপি সরকার গঠন করলে যশোরের ফুলকে বিদেশে রপ্তানির উদ্যোগ নেওয়া হবে। চালু করা হবে এ অঞ্চলের চিনি শিল্পগুলো। জনসভায় বক্তৃতার মাঝে যশোর-কুষ্টিয়া অঞ্চলের সাত জেলার ২২টি আসনের বিএনপি মনোনীত প্রার্থীদের হাতে ধানের শীষ প্রতীক তুলে দিয়ে তাদেরকে বিজয়ী করার আহ্বান জানান তারেক রহমান। জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট সৈয়দ সাবেরুল হক সাবুর সভাপতিত্বে জনসভায় বক্তব্য দেন বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা সৈয়দ মেহেদী আহমেদ রুমি, বিএনপির ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট নিতাই রায় চৌধুরী, অধ্যাপক নার্গিস বেগম, ভারপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদক (খুলনা বিভাগ) অনিন্দ্য ইসলাম অমিত, কেন্দ্রীয় বিএনপির সহ ধর্ম বিষয়ক সম্পাদক অমলেন্দু দাস অপু, সহ তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল, কুষ্টিয়া জেলা বিএনপির সদস্য সচিব জাকির হোসেন সরদার, নড়াইল জেলা বিএনপির সভাপতি বিশ্বাস জাহাঙ্গীর আলম, মাগুরা জেলা বিএনপির আহ্বায়ক আলী আহমদ, ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এম এ মজিদ, যশোর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মুনির আহমেদ সিদ্দিকী বাচ্চু প্রমুখ। জেলা বিএনপির সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন খোকন জনসভা পরিচালনা করেন।

## বরিশালে তারেক রহমানের

অতিথির বক্তব্য রাখেন। মতবিনিময় সভায় বিলকিস জাহান শিরীন জানান, বিএনপি চেয়ারম্যান তারেক রহমান হেলিকপ্টারযোগে বরিশালে পৌঁছাবেন। তাকে বহনকারী হেলিকপ্টার বরিশালের কবি জীবনানন্দ দাশ আউটার স্টেডিয়ামে অবতরণ করবে। সেখান থেকে তিনি সরাসরি বেলস পার্কের জনসভায় যোগ দেবেন এবং প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখবেন। জনসভা শেষে আবার হেলিকপ্টারযোগে তিনি বরিশাল ত্যাগ করবেন। তিনি আরও বলেন, দীর্ঘ ২০ বছর পর শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার জ্যেষ্ঠপুত্র তারেক রহমান বরিশাল সফরে আসছেন। তার এই ঐতিহাসিক সফরকে ঘিরে বরিশালজুড়ে নেতাকর্মী ও সাধারণ মানুষের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে। সফর সংক্রান্ত প্রস্তুতির বিস্তারিত তুলে ধরে বিলকিস জাহান শিরীন বলেন, তারেক রহমানের আগমন উপলক্ষে আমরা নানামুখী প্রস্তুতি গ্রহণ করেছি। গত ১৮ জানুয়ারি বিভাগীয় প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে, যেখানে বরিশাল বিভাগের ২১টি সংসদীয় আসনের ধানের শীষ ও জোটের প্রার্থীরা উপস্থিত ছিলেন। বর্তমানে বেলস পার্কে মঞ্চ নির্মাণের কাজ চলমান রয়েছে। তিনি বলেন, এই সফরকে ঘিরে ২১ সদস্য বিশিষ্ট বিএনপির ৭টি উপ-কমিটি গঠন করা হয়েছে। জনসভায় শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসনের সব স্তরের সঙ্গে, বিশেষ করে ট্রাফিক বিভাগের সঙ্গে সমন্বয় করা হয়েছে। পাশাপাশি বিএনপির অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরাও মাঠে শৃঙ্খলা রক্ষায় দায়িত্ব পালন করবেন। লজিস্টিকসহ অন্যান্য প্রস্তুতিও দ্রুতগতিতে এগিয়ে চলছে। বিলকিস জাহান শিরীন আরও বলেন, তারেক রহমানের এই সফর বরিশাল বিভাগের রাজনীতিতে নতুন গতি সঞ্চার করবে। আমরা আশা করছি, এই জনসভা একটি ঐতিহাসিক জনসমাগমে রূপ নেবে এবং আসন্ন নির্বাচনে ধানের শীষের বিজয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় বিএনপির বরিশাল বিভাগের সহ-সাংগঠনিক সম্পাদক আকন কুদ্দুসুর রহমান ও মাহাবুবুর রহমান নান্নু, বরিশাল দক্ষিণ জেলা বিএনপির আহ্বায়ক ও বরিশাল-৬ আসনে বিএনপি মনোনীত প্রার্থী আবুল হোসেন খান, বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য এবায়দুল হক চাঁন, মহানগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান খান ফারুক, সদস্য সচিব জিয়াউদ্দিন সিকদার, বরিশাল উত্তর জেলা বিএনপির আহ্বায়ক দেওয়ান মো. শহিদুল্লাহ, দক্ষিণ জেলার সদস্য সচিব আবুল কালাম শাহিনসহ অন্যান্য নেতৃবৃন্দ। এসময় নেতৃবৃন্দ বলেন, বরিশাল বিভাগ বিএনপির একটি গুরুত্বপূর্ণ রাজনৈতিক ঘাঁটি। কেন্দ্রীয় নির্দেশনা অনুযায়ী আগামীর কর্মসূচিগুলো আরও সুসংগঠিত ও গতিশীল করার লক্ষ্যেই এই সফর বিশেষ তাৎপর্যপূর্ণ। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে তারা দলের বর্তমান রাজনৈতিক অবস্থান, ভবিষ্যৎ আন্দোলন, সাংগঠনিক পুনর্গঠন ও জনসম্পৃক্ততা বৃদ্ধির পরিকল্পনার কথাও তুলে ধরেন।

## জাতীয় নির্বাচন আন্তর্জাতিক

ভিডিপির মহাপরিচালক মেজর জেনারেল আবদুল মোতালেব সাজ্জাদ মাহমুদ ও বিজিবির মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী। সভায় স্বাগত বক্তৃতা করেন বরিশাল বিভাগীয় কমিশনার মোহাম্মদ মাহফুজুর রহমান। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বরিশাল রেঞ্জের ডিআইজি মো. মঞ্জুর মোর্শেদ আলম ও বরিশাল মেট্রোপলিটন পুলিশ কমিশনার মো. শফিকুল ইসলাম। স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, ফ্যাসিস্টের দোসর, দুষ্কৃতকারী ও সন্ত্রাসীদের দ্রুত গ্রেফতার করতে হবে। সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনি পরিবেশ গড়ে তোলার জন্য নির্বাচন পূর্ববর্তী ৪ দিন নিবিড় টহল পরিচালনা করতে হবে। উপদেষ্টা বলেন, চরাঞ্চল ও দুর্গম এলাকায় টহল কার্যক্রম বিভিন্ন বাহিনীর সমন্বয়ে নিবিড়ভাবে পরিচালনা করতে হবে। সন্ত্রাসী, চাঁদাবাজ, মাদক কারবারিসহ বিভিন্ন অপরাধীদের বিরুদ্ধে বিশেষ অভিযান পরিচালনা করে তাদের আইনের আওতায় নিয়ে আসতে হবে। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, আগামী জাতীয় নির্বাচনে এমন এক মানদণ্ড স্থাপিত হবে, যা শুধু দেশেই নয়, আন্তর্জাতিক অঙ্গনেও প্রশংসিত হবে। উপদেষ্টা বলেন, নির্বাচনে আইনশৃঙ্খলার প্রশ্নে কোনো আপস করা হবে না। জননিরাপত্তা বিঘ্নিত করার যেকোনো অপচেষ্টা কঠোর হস্তে দমন করতে হবে। তিনি বলেন, নির্বাচনের দিন আইনশৃঙ্খলা পরিস্থিতি ও পরিবেশ এমন উন্নত করতে হবে যাতে সবাই আনন্দ ও উৎসবমুখর পরিবেশে ভোটকেন্দ্রে গিয়ে ভোট দিয়ে আসতে পারে। জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, নির্বাচনে রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার, নির্বাচন কমিশন, জেলা ও উপজেলা নির্বাচন অফিসার, গোয়েন্দা সংস্থা, পুলিশ বাহিনী, সশস্ত্র বাহিনী, র‌্যাব, বিজিবি, আনসার-ভিডিপি, কোস্টগার্ডসহ বিচারিক ও ভ্রাম্যমাণ আদালতসহ সকল স্তরের বেসামরিক প্রশাসনের সঙ্গে পারস্পরিক সুসম্পর্ক, সমন্বয়, তথ্য আদান-প্রদান, যৌথ টহলসহ 'সমন্বিত কার্যক্রম' গ্রহণ করতে হবে। তিনি এসময় আইনশৃঙ্খলা সমন্বয়ের ক্ষেত্রে কোনো ধরনের গ্যাপ, বিচ্যুতি, ত্রুটি, বৈষম্য, অবহেলা, দ্বন্দ্ব বরদাশত করা হবে না মর্মেও জানান। সভাপতির বক্তব্যে স্বরাষ্ট্র সচিব নাসিমুল গনি নৈতিক চরিত্র বজায় রেখে কাজ করার জন্য নির্বাচনে নিয়োজিত কর্মকর্তা ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, আত্মসম্মান বজায় রেখে ইস্পাত দৃঢ়চিত্তে সকল বাধা ও প্রতিকূলতা মোকাবিলা করে একটি অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও উৎসবমুখর নির্বাচন অনুষ্ঠানে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। সভায় নির্বাচনকে বাধাগ্রস্ত ও প্রভাবিত করতে পারে দুষ্কৃতকারী ও সন্ত্রাসীদের এমন যেকোনো ধরনের অপতৎপরতা ও কার্যক্রম কঠোর হস্তে দমন করার নির্দেশ দেন স্বরাষ্ট্র উপদেষ্টা। মতবিনিময় সভায় বরিশাল বিভাগের সকল জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী অফিসার, আঞ্চলিক/জেলা/উপজেলা নির্বাচন অফিসার ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, সশস্ত্র বাহিনী বিভাগের বরিশাল বিভাগের প্রতিনিধিবৃন্দ এবং বরিশাল মেট্রোপলিটন পুলিশের সকল উপ-পুলিশ কমিশনার ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা অংশগ্রহণ করেন। পরে ঝুঁকিপূর্ণ ভোটকেন্দ্রের বিষয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, ঝুঁকিপূর্ণ বা অধিক গুরুত্বপূর্ণ ভোট কেন্দ্রগুলোতে অতিরিক্ত ফোর্স মোতায়েন করা হচ্ছে। সেখানে বডি ওর্ন ক্যামেরা এবং সিসিটিভি ক্যামেরা থাকবে। ড্রোন ও ডগ স্কোয়াড মোতায়েন করা হচ্ছে। এছাড়া ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি) 'নির্বাচন সুরক্ষা অ্যাপ-২০২৬' তো থাকছেই। গতবছর দুর্গাপূজায়ও এই অ্যাপের মাধ্যমে আমরা সাফল্য পেয়েছি। সুতরাং কেউ কোনো ধরনের অপতৎপরতা ঘটানোর চেষ্টা করলে পার পাবে না বলে জানান তিনি।

## তারেক রহমানের আগমনকে স্বাগত

নেতাকর্মী দলীয় পতাকা, ব্যানার ও ফেস্টুন নিয়ে অংশগ্রহণ করেন। র‌্যালি চলাকালে নেতাকর্মীরা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ, বেগম খালেদা জিয়ার নেতৃত্ব এবং তারেক রহমানের রাজনৈতিক দিকনির্দেশনার প্রতি আস্থা প্রকাশ করেন। তারা গণতন্ত্র পুনরুদ্ধার, ভোটাধিকার প্রতিষ্ঠা এবং একটি ন্যায়ভিত্তিক রাষ্ট্র গঠনের দাবিতে ঐক্যবদ্ধ থাকার অঙ্গীকার ব্যক্ত ও একইসাথে ব্যানার ও ফেস্টুন প্রদর্শন করেন। এসময় বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শে উদ্বুদ্ধ হয়ে এবং দেশনেত্রী বেগম খালেদা জিয়ার আপসহীন নেতৃত্বের ধারাবাহিকতায় তারেক রহমান আজ দেশের গণতান্ত্রিক আন্দোলনের প্রধান ভরসা। তার নেতৃত্বে বিএনপি জনগণের ভোটাধিকার পুনরুদ্ধার, গণতন্ত্র প্রতিষ্ঠা ও আইনের শাসন নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বরিশালে তার আগমন দক্ষিণাঞ্চলের রাজনীতিতে নতুন গতি ও উদ্দীপনা সৃষ্টি করবে এবং গণতন্ত্রকামী মানুষের মাঝে নতুন আশার সঞ্চার করবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও বলেন, দলকে সাংগঠনিকভাবে আরও শক্তিশালী ও সুসংহত করতে হবে এবং তৃণমূল পর্যায়ের নেতাকর্মীদের ঐক্যবদ্ধত নিশ্চিত করতে নেতাকর্মীদের প্রতি আহবান জানান রহমাতুল্লাহ।

## ১২ কেজি এলপিজি

অনুযায়ী, ফেব্রুয়ারি মাসের জন্য সৌদি আরামকো ঘোষিত প্রোপেন ও বিউটেনের গড় মূল্য প্রতি টন ৫৪১ দশমিক ৭৫ ডলার, যা আগের মাসে ছিল ৫২১ দশমিক ৭৫ ডলার। দাম বাড়ার এটাই বড় কারণ। এ ছাড়া ফ্রেইট চার্জও খানিকটা বেড়েছে। গত মাসে ফ্রেইট চার্জ ছিল ১০৮ ডলার, যা এখন ১২০ ডলারে সমন্বয় করা হয়েছে। জানুয়ারিতে এক ডলার সমান ১২২ টাকা ৫১ পয়সা ধরা হলেও ফেব্রুয়ারি থেকে ১২৫ টাকা ৫৫ পয়সা ধরা হয়েছে। নতুন ঘোষণা অনুযায়ী, ফেব্রুয়ারি মাসে প্রতি কেজি এলপিজির খুচরা মূল্য ১১৩ টাকা ০৪ পয়সা করা হয়েছে, যা আগে ছিল ১০৮ টাকা ৮৩ পয়সা। ফলে ১২ কেজি সিলিন্ডারের দাম ১ হাজার ৩০৬ টাকা থেকে বেড়ে ১ হাজার ৩৫৬ টাকা হয়েছে। রেটিকুলেটেড এলপিজির দাম প্রতি কেজি ১০৫ টাকা ০৮ পয়সা থেকে বেড়ে ১০৯ টাকা ২০ পয়সা হয়েছে। প্রতি লিটার অটো গ্যাসের দাম ৫৯ টাকা ৮০ পয়সা থেকে বেড়ে ৬২ টাকা ১৪ পয়সা হয়েছে। বিইআরসির চেয়ারম্যান জানান, জানুয়ারিতে ১ লাখ ৫ হাজার টন এলপিজি আমদানি হয়েছে। ফেব্রুয়ারিতে ১ লাখ ৮৪ হাজার টন আমদানি হবে বলে কোম্পানিগুলো জানিয়েছে। বাজারে দাম বেশি প্রসঙ্গে চেয়ারম্যান বলেন, 'সরবরাহ না বাড়লে দাম বাড়ে। কিন্তু বিইআরসি দামের প্রকৃত চিত্রটা তুলে ধরার চেষ্টা করে। কয়েকজন বোতলজাতকারী বেশি দাম নিচ্ছে বলে আমরা অভিযোগ পেয়েছি। এই অভিযোগ আমরা খতিয়ে দেখব।'

**হারিয়েছে**

আমার এসএসসি নম্বরপত্র, যার রেজিস্ট্রেশন নম্বর-1115227000, মার্কশিট ক্রমিক নম্বর-1460893, শিক্ষাবর্ষ-2012-2013, বিভাগ-বিজ্ঞান, জিপিএ- ৪.৪৪, ইউনিয়ন একাডেমি, বরিশাল শিক্ষা বোর্ড, বরিশাল, মুলাদী থানায় জিডি নং- ১২৫২, তাং- ২৯/০১/২০২৬।

প্রকাশ বেপারী
পিতা: পংকজ বেপারী
মোবাইল নং- 01787230809

## বরিশালকে শান্তিপূর্ণ নগরী হিসেবে

সিটি মার্কেট, পোর্ট রোড, মহাসিনী মার্কেট, কলাপট্টি কলোনী ও রসুলপুর কলোনী এলাকায় জনসংযোগকালে তিনি এ সব কথা বলেন। এ সময় তিনি ব্যবসায়ী ও সাধারণ মানুষের সঙ্গে মতবিনিময় করেন এবং এলাকার সার্বিক সমস্যা ও সম্ভাবনার কথা শোনেন। শায়খে চরমোনাইয়ের এই জনসংযোগে স্থানীয় জনগণ ব্যাপক সাড়া দেন এবং চাঁদাবাজমুক্ত ও ন্যায়ভিত্তিক বরিশাল গড়ার প্রত্যাশা ব্যক্ত করেন।

## সার্ভে সহায়ক নিয়োগে অনিয়মের

(বদর আমিন)। এছাড়া ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর পরিচালক (প্রসাশন) ও জোনান সেটেলমেন্ট অফিসারকে বিবাদী করা হয়েছে। ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের অধীন সার্ভে সহায়ক (সরদার আমিন) নিয়োগ প্রক্রিয়ায় অনিয়ম ও স্বজনপ্রীতির অভিযোগ উঠেছে। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের এক কর্মকর্তার বিরুদ্ধে অভিজ্ঞ ও যোগ্য প্রার্থীদের বাদ দিয়ে অদক্ষ ও জুনিয়র ব্যক্তিদের নিয়োগ দেওয়ার পাঁয়তারা করার অভিযোগ এনে মামলা করা হয়েছে। মামলা সূত্রে জানা যায়, ১৯৮৮ সাল থেকে ২০০৭ সাল পর্যন্ত বরিশাল জোনে এবং পরবর্তীতে ২০০৮ সাল থেকে ২০২২-২৩ মৌসুম পর্যন্ত কিস্তোয়ার, খানাপুরী ও বুঝারতসহ বিভিন্ন জরিপ কার্যক্রমে সরদার আমিন হিসেবে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন। ২১ নভেম্বর ২০২২ তারিখে জারি করা একটি স্মারকে সার্ভে সহায়ক (সরদার আমিন) নিয়োগের তালিকায় তাঁর নাম ৭ নম্বর ক্রমিকে উল্লেখ থাকলেও বর্তমানে তাঁকে ৫ নম্বর ক্রমিকে নামিয়ে আনা হয়েছে বলে মামলায় উল্লেখ করা হয়েছে। মামলায় আরও বলা হয়, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের বিভিন্ন স্মারক ও ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে নোটিশ দাতা আবেদন করেন এবং ১২ জানুয়ারি ২০২৬ তারিখে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করেন। তাঁর চাকরিজীবন সন্তোষজনক হলেও তৃতীয় পক্ষের অবৈধ প্রভাবের কারণে তাঁসহ অন্যান্য অভিজ্ঞ ও যোগ্য প্রার্থীদের বাদ দেয়া হয়

## ধানের শীষের পক্ষে আইনজীবী

এ সময় অন্যান্যদের মধ্যে উপস্'িত ছিলেন বরিশাল আইজীবি ফোরামের আহবায়ক অ্যাডভোকেট নাজিমুদ্দিন পান্না, সদস্য সচিব অ্যাডভোকেট আবুল কালাম আজাদ ইমন, আইজীবি সমিতির সভাপতি সাদিকুর রহমান লিংকন, সাধারন সম্পাদক অ্যাডভোকেট মির্জা রিয়াজ, যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট আব্দুর রহমান চোকদার, আইজীবি ফোরামের সাবেক সভাপতি অ্যাডভোকেট মহসীন মন্টু, সাবেক সাধারন সম্পাদক অ্যাডভোকেট আবুল কালাম আজাদ, সিনিয়র সদস্য অ্যাডভোকেট মো. শহীদ হোসেন, অ্যাডভোকেট সাহানুর খানম, অ্যাডভোকেট তারেক আল ইমরান, অ্যাডভোকেট জসিম উদ্দিন আহম্মেদ, অ্যাডভোকেট জাহিদুল ইসলাম পান্না, অ্যাডভোকেট রেজাউল হক, অ্যাডভোকেট মো. ইউসুব সালাম, অ্যাডভোকেট মান্নান মৃধা, অ্যাডভোকেট তমাল বিশ্বাস, অ্যাডভোকেট মো. সরোয়ার হোসেন, অ্যাডভোকেট হাফিজ উদ্দিন বাবলু সহ অন্যান্য নেতৃবৃন্দ।

## বাউফলে ‘না’ ভোটের পক্ষে প্রচারণা

শীষ মার্কা আরেকটা ‘না’ এবং ‘হ্যাঁ’। আপনারা ‘না’ তে ভোট দেবেন। জানা গেছে, গত শনিবার (৩১ জানুয়ারি) রাতে বাউফল উপজেলার কাছিপাড়া ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডে বিএনপি মনোনীত প্রার্থী শহিদুল আলম তালুকদারের ধানের শীষের পক্ষে নির্বাচনি উঠান বৈঠকে এসব কথা বলেন বিএনপির কাছিপাড়া ইউনিয়ন নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক ও কাছিপাড়া ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি আব্দুর রাজ্জাক। ওই বক্তব্যের একটি ভিডিও ক্লিপ সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। এ বিষয়ে জানতে চাইলে আবদুর রাজ্জাক বলেন, আমার বয়স প্রায় ৭০ বছর। ‘না’ এবং ‘হ্যাঁ’ এর ব্যাপারে আমার তেমন কোনো ধারণা ছিল না। ভুলবশত এটা হয়ে গেছে। ভেবেছিলাম হয়তো ‘না’ বলা স্বাধীনতার পক্ষে আর ‘হ্যাঁ’ বলা স্বাধীনতার বিপক্ষে। পরে জানতে পারলাম আমার নেতা তারেক রহমানও ‘হ্যাঁ’ এর পক্ষে ভোট চেয়েছেন। আমি যেহেতু বিএনপি করি, তাই এখন থেকে আমিও ‘হ্যাঁ’ এর পক্ষে ভোট চাইবো, আর না হলে এই ভোটের ব্যাপারে কোনো কথাই বলব না। এ বিষয়ে উপজেলা বিএনপির সদস্য সচিব আপেল মাহমুদ ফিরোজ ঢাকা পোস্টকে বলেন, আমি ঢাকায় চিকিৎসা নিতে এসেছি। বিষয়টি আমার জানা ছিল না। রাজ্জাক আমাদের দলের সঙ্গে ছিল না, লোক সুবিধার না। সে শহিদুল আলমের পক্ষে কাজ করে। আগে আমাদের বিএনপিতে ছিল না। আমি বিষয়টি খোঁজ নিয়ে দেখব। তাছাড়া আমরা গণভোটে ‘হ্যাঁ’ ভোটের পক্ষে। কারণ, জুলাই যোদ্ধাদের পক্ষে আমাদের দলীয় নির্দেশ রয়েছে।’ এ বিষয়ে মন্তব্য জানতে পটুয়াখালী-২ (বাউফল) আসনের বিএনপি মনোনীত প্রার্থী বীর মুক্তিযোদ্ধা শহিদুল আলম তালুকদারের মুঠোফোনে একাধিকবার কল করা হলেও তিনি ফোন রিসিভ করেননি। উল্লেখ্য, গত শুক্রবার (৩০ জানুয়ারি) রাতে রংপুরের ঐতিহাসিক কালেক্টরেট ঈদগাঁও মাঠে আয়োজিত এক বিশাল জনসভায় প্রধান অতিথির বক্তব্যে বিএনপির চেয়ারম্যান তারেক রহমান সবাইকে গণভোটে ‘হ্যাঁ’ এর পক্ষে ভোট দেওয়ার আহ্বান জানান।

## বরগুনা জেলা ছাত্রলীগের

পুলিশ লাইন মাইঠা এলাকায় বসবাস করেন। তিনি বামনা উপজেলার বলইবুনিয়া গ্রামের মো. নাসির উদ্দিনের ছেলে। জেলা পুলিশের পক্ষ থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, গোপন সংবাদের ভিত্তিতে রোববার বিকেলে বামনা উপজেলার বাইনবুনিয়া থেকে সিনহাকে গ্রেফতার করা হয়। তার বিরুদ্ধে দুইটি মামলা রয়েছে। এছাড়া বরগুনা পৌরসভার বিভিন্ন এলাকায় নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগ কর্তৃক সরকার-বিরোধী লিফলেট বিতরণ, ঝটিকা মিছিল, মশাল মিছিল, নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালন ও নো বোট-নো ভোট সংক্রান্ত লিফলেট বিতরণ করে আইনশৃঙ্খলা পরিস্থিতি অস্বাভাবিক করার চেষ্টা করছিলেন। এ বিষয়ে বরগুনা জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আনোয়ার হোসেন বলেন, গ্রেফতারের পর নাফিউল ইসলাম সিনহাকে আদালতে পাঠানো হয়েছে।

## ডিবির থেকে ছাত্রলীগ নেতাকে

রাহুতকাঠী বন্দরে অভিযান চালায় জেলা ডিবি পুলিশের একটি দল। এ সময় নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের নেতা সোহেল কাজীকে গ্রেপ্তার করে গাড়িতে তোলা হয়। খবর ছড়িয়ে পড়লে স্থানীয় কয়েকজন জড়ো হয়ে পুলিশকে বাধা দেন। একপর্যায়ে উত্তেজিত জনতা ডিবি পুলিশের গাড়িটি ঘিরে ফেলে। পরিস্থিতি সংঘর্ষের দিকে মোড় নেওয়ার আশঙ্কা দেখা দিলে এবং জনতার তোপের মুখে পুলিশ সোহেল কাজীকে গাড়ি থেকে নামিয়ে দিতে বাধ্য হয় বা জনতা তাকে নামিয়ে নিয়ে যায়। এ সময় এলাকায় চরম উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়। ঘটনার বিষয়ে জানতে চাইলে বরিশাল জেলা ডিবি পুলিশের উপপরিদর্শক (এসআই) রেদোয়ান বলেন, “রাহুতকাঠী এলাকায় একটি ঘটনা ঘটেছে। তবে এ বিষয়ে ঊর্ধ্বতন কর্মকর্তারাই বিস্তারিত বলতে পারবেন।” অন্যদিকে, জেলা ডিবি পুলিশের পরিদর্শক মোস্তফা আনোয়ার বলেন, “অভিযানে থাকা টিমটি বর্তমানে মাঠে রয়েছে। এ ধরনের কোনো ঘটনা ঘটেছে কি না, সে বিষয়ে আমি এখনো অবগত নই।” বরিশাল জেলা পুলিশ সুপার ফারজানা ইসলামও একই সুরে কথা বলেন। তিনি জানান, বিষয়টি সম্পর্কে তার কাছে কোনো তথ্য নেই।

## অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন

স্থানীয় প্রশাসন ও অন্যান্য আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতিনিধিগণের সঙ্গে মতবিনিময় করেন। এ ছাড়া, দায়িত্বরতের সুষ্ঠু নির্বাচন আয়োজনে দিক নির্দেশনা প্রদান করেন। প্রেস ব্রিফিংয়ে রিয়ার অ্যাডমিরাল মোহাম্মদ মুসা বলেন, সাধারণ মানুষ যেন নির্ভয়ে ও উৎসবমুখর পরিবেশে ভোটাধিকার প্রয়োগ করতে পারে সে লক্ষে বাংলাদেশ নৌবাহিনী ও অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নিয়োজিত রয়েছে। ইতোমধ্যে দায়িত্বপ্রাপ্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে নৌবাহিনী কন্টিনজেন্ট মোতায়েন ও টহল কার্যক্রম জোরদার করা হয়েছে। ভোটকেন্দ্রগুলোতে প্রয়োজনীয় নিরাপত্তা প্রস্তুতি সম্পন্ন করা হচ্ছে। স্থলপথে যানবাহন টহলের পাশাপাশি নৌপথে পর্যাপ্ত সংখ্যক বোট এবং সংশ্লিষ্ট এলাকায় নৌবাহিনীর জাহাজও মোতায়েন রয়েছে। যে কোনো প্রতিকূল পরিস্থিতি দক্ষতা ও দৃঢ়তার সঙ্গে মোকাবিলায় আইনশৃঙ্খলা বাহিনী সর্বতোভাবে প্রস্তুত রয়েছে। একইসঙ্গে নৌবাহিনী স্থানীয় প্রশাসন ও নির্বাচন কমিশনকে সর্বাত্মক সহযোগিতা প্রদান কাজ করে যাচ্ছে, যাতে এই নির্বাচন একটি উদাহরণ ও দৃষ্টান্তমূলক নির্বাচন হিসেবে বিবেচ্য হয়। তিনি সুষ্ঠু নির্বাচন আয়োজনের লক্ষে সবার বলিষ্ঠ ভূমিকা ও সহযোগিতা আহ্বান জানান। এ ছাড়া, নৌবাহিনীর সহকারী প্রধান আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সরকার, নির্বাচন কমিশন, স্থানীয় প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং জনগণের সম্মিলিত প্রচেষ্টায় শান্তিপূর্ণ, অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্যভাবে অনুষ্ঠিত হবে বলে তিনি আশাব্যক্ত করেন।

## নারীদের মুখে ধানের শীষ

দীপুফরাজী ও তার নেতার্কমীরা নিজেরাও অবাক হয়েছেন। জনসভায় বিএনপির মনোনীত প্রার্থী নুরুল ইসলাম নয়ন উপস্থিত বক্তৃতা করেন। বক্তৃতায় তিনি বলেন, বিএনপি ক্ষমতায় গেলে মাদক, সন্ত্রাস মুক্ত দেশ গরবো। সন্ত্রাসী মাদক বিক্রেতা,, জুলমবাজ,দখলবাজদের নির্মূল করবে। জনসাধারণকে ফ্যামিলি কার্ড করে দিবে। নারীদের নিরাপত্তা দেয়া হবে। সোমবার ২ ফেব্রুয়ারি বিকেলে চরফ্যাশন উপজেলা আব্দুল্লাহপুর ইউনিয়ন বিএনপি এই বৈঠকের আয়োজন করেন। সকাল থেকেই হাজার হাজার নারী এসে ৮ নং ওয়ার্ডের দক্ষিণ শিবা মাধ্যমিক বিদ্যালয় মাঠে অবস্থান নেয়। অন্তত ৮থেকে ১০ হাজার মানুষের উপস্থিতির মধ্যে নারীদের উপস্থিতি ছিলো নজরে কাড়ার মতো। এদিকে ধানের শীষ মার্কার সমর্থনে নির্বাচনী এলাকার ২১টি ইউনিয়নে প্রতিদিন মহিলা ভোটারদের নিয়ে ৬২টি উঠান বৈঠক করা হচ্ছে। এসব উঠান বৈঠকে হাজার হাজার নারী ভোটার অংশ নিচ্ছেন। যেকোন স্তরের নির্বাচনে নারী ভোটারদের এমন অংশগ্রহন খুব বিরল বলে জানিয়েছেন স্থানীয় বয়োজ্যেষ্ঠ্যরা। ইতিমধ্যে নির্বাচনী কিংবা যে কোন সমাবেশে নারীদের এমন উপস্থিতি দেখা যায়নি কখনোই। এরা সকলেই আগামী ১২ফেব্রুয়ারি অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে ভোলা-৪(চরফ্যাশর-মনপুরা)বিএনপির পক্ষে কাজ করার জন্য কর্মী হিসেবে এসেছেন এই মাঠে। তারা সকলেই যুবদল সাধারন সম্পাদক নরুল ইসলাম নয়নের পক্ষে ধানের শীষ নিয়ে কাজ করবেন বলে নাম লিখিয়েছেন অনেক আগেই। তাদের জমায়েত করতে দিন-রাত একাকার করে ফেলেছেন চরফ্যাশনের তরুন রাজনীতিবীদ, আব্দুল্লাহপুর ইউনিয়নের নির্বাচন সমন্বয়কারী চরফ্যাশন উপজেলা যুবদলের সাবেক সভাপতি আশ্রাফুর রহমার দীপু ফরাজী ও তার নেতার্কমীরা । যার প্রশংসা শুধু যুবদল সাধারন সম্পাদক নরুল ইসলাম নয়নই নয়, গ্রামের একজন অসহায় মানুষের মুখেও শোনা যায়। এসব নারীরা এসে চরফ্যাশনে ধানের শীষের প্রার্থীর কথা আর তারেক রহমানের আগামীর বাংলাদেশ নিয়ে তার উন্নয়নের একটি ফিরিস্তি শুনে। নারী উন্নয়নের জন্য অনেক করেছেন গণতন্ত্রের আপসহীন নেত্রী, স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন দেশনেত্রী বেগম খালেদা জিয়া। দীপুফরাজী বলেন, নরুল ইসলাম নয়ন চরফ্যাশনের সন্তান। সে নির্বাচিত হলে চরফ্যাশনকে একটি নিরাপদ ও শান্তিপূর্ণ জনপদে রূপান্তরিত করবে। তবে চাঁদাবাজ, দখলবাজ, জুলুমকারী এবং মাদকসেবী ও মাদক কারবারিদের এখানে কোনোভাবেই আশ্রয় দেওয়া হবে না। ভোটের দিন পর্যন্ত তাদেরকে শোধরানোর সময় দিয়েছেন তিনি। যদি তারা ঠিকমত আচরণ না করে, তবে ভোটের পর পুলিশের কাছে হস্তান্তরের মাধ্যমে জেলখানায় পাঠানো হবে। নুরুল ইসলাম নয়ন চরফ্যাশনের সর্বস্তরের মানুষকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন। তার আশা অপরাধমুক্ত চরফ্যাশন গড়তে হলে সবাইকে একসঙ্গে দাঁড়াতে হবে। তাই ১২ ফ্রেরুয়ারির নির্বাচনে বিএনপির প্রার্থীকে ভোট দিয়ে জয়যুক্ত করলে একটি নিরাপদ, শান্তিপূর্ণ ও মানবিক জনপদে পরিণত হবে।

## আলতাফ চৌধুরীকে সমর্থন দিয়ে

ইসলাম ফাহিম বলেন, পটুয়াখালী-৩ আসনে গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরকে বিএনপির পক্ষ থেকে সার্বিক সহযোগিতা করা হচ্ছে। পারস্পরিক এই রাজনৈতিক সমঝোতার অংশ হিসেবে পটুয়াখালী জেলার অন্যান্য আসনগুলোতে গণঅধিকার পরিষদ বিএনপিকে সহযোগিতা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এরই ধারাবাহিকতায় তিনি পটুয়াখালী-১ আসনে বিএনপি প্রার্থীকে সমর্থন জানিয়ে নির্বাচনি প্রতিযোগিতা থেকে সরে দাঁড়াচ্ছেন। তিনি আরও বলেন, গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের ভোটাধিকার প্রতিষ্ঠার বৃহত্তর স্বার্থেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ সময় বিএনপি মনোনীত প্রার্থী আলতাফ হোসেন চৌধুরী বলেন, গণতন্ত্র ও মানুষের ভোটের অধিকার ফিরিয়ে আনতে সব গণতান্ত্রিক শক্তির ঐক্য প্রয়োজন। শহিদুল ইসলাম ফাহিমের এই সিদ্ধান্ত গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলনকে আরও শক্তিশালী করবে বলে আমি বিশ্বাস করি। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন আলতাফ হোসেন চৌধুরীর প্রধান সমন্বয়কারী মাকসুদ বায়জিদ পান্না, নির্বাচন পরিচালনা কমিটির সদস্য ওয়াহিদ সরোয়ার কালাম, জেলা গণঅধিকার পরিষদের সাবেক আহ্বায়ক সৈয়দ নজরুল ইসলাম লিটু, সাবেক সদস্য সচিব শাহ আলমসহ বিএনপি ও গণঅধিকার পরিষদের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা। উল্লেখ্য, পটুয়াখালী-১ আসনে জামায়াতে ইসলামী মনোনীত প্রার্থী নাজমুল আহসান এবং খেলাফত মজলিসের মনোনীত প্রার্থী মো. সাইদুর রহমান তাদের মনোনয়ন প্রত্যাহার করেছেন। ফলে বর্তমানে এ আসনে জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন জোট মনোনীত এবি পার্টির প্রার্থী মোহাম্মদ আব্দুল ওহাব মিনাকে প্রধান প্রতিদ্বন্দ্বী হিসেবে দেখা হচ্ছে। এর পাশাপাশি শহিদুল ইসলাম ফাহিমের বিএনপি প্রার্থীকে সমর্থনের ঘোষণার পর নির্বাচনি সমীকরণে নতুন মাত্রা যোগ হয়েছে। বর্তমানে পটুয়াখালী-১ আসনের নির্বাচনি মাঠে আরও যেসব প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন, তারা হলেন ইসলামী আন্দোলন বাংলাদেশের মো. ফিরোজ আলম, জাসদের গৌতম চন্দ্র শীল এবং জাতীয় পার্টির প্রার্থী আ. মন্নান হাওলাদার।

## আপনাদের স্বপ্ন পুরণে সারাজীবন

রহমান সোহান হাওলাদারের সঞ্চালনায় অনুষ্ঠিত উঠান বৈঠকে বক্তব্য রাখেন, মুলাদী উপজেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আঃ ছত্তার খান, উপজেলা বিএনপির সদস্য সচিব কাজী কামাল হোসেন, কেন্দ্রীয় যুবদলের সহ-আইন বিষয়ক সম্পাদক এ্যাড. ইউনুস আলী রবি, পৌরসভা বিএনপির সাবেক সভাপতি আঃ রব খান, উপজেলা বিএনপির সাবেক সাধারন সম্পাদক কাজী শাহ নেওয়াজ, উপজেলা বিএনপির যুগ্ন-আহবায়ক জাহাঙ্গীর হোসেন কবিরাজ, মশিউর রহমান মাসুদ, পৌরসভা বিএনপির সদস্য সচিব মিজানুর রহমান হাওলাদার, সিনিয়র যুগ্ন-আহবায়ক হাবিবুর রহমান সাবু হাওলাদার, যুগ্ন-আহবায়ক আনিসুর রহমান আলাল, কামাল হোসেন অপু মোল্লা, স্বপন হাওলাদার, জাকির হোসেন খান, বরিশাল উত্তর জেলা যুবদলের যুগ্ন-আহবায়ক শাহ আলম হাওলাদার, রুহুল আমিন খান, পৌরসভা যুবদল আহবায়ক রফিকুল ইসলাম ঢালী, উপজেলা যুবদল সদস্য সচিব আরিফুর রহমান টিটু, উপজেলা স্বে”ছাসেবকদল আহবায়ক রোকনুজ্জামান মোল্লা, সদস্য সচিব আবু জাহিদ মোল্লা, পৌরসভা স্বে”ছাসেবকদল আহবায়ক আফজাল হোসেন, সদস্য সচিব ইউনুস হাওলাদার, উপজেলা ছাত্রদল আহবায়ক মহিউদ্দিন ঢালী, পৌরসভা ছাত্রদল সদস্য সচিব কবির হোসেন মোল্লা, যুগ্ন-আহবায়ক হেমায়েত হাওলাদার। উঠান বৈঠকে উপস্'িত ছিলেন, ওয়ার্ড বিএনপি নেতা আতিকুর রহমান মিরন, মিন্টু রাড়ী, শহীদ আকন, মহিউদ্দিন হাওলাদার, নাসির উদ্দিন ফরাজী, স্বপন রাড়ী, জামাল হাওলাদার, এনায়েত হাওলাদার, আজাহার সরদার, সোহেল বেপারী, তারেক হাসান রনি, ফজলে রাব্বী সহ ওয়ার্ড বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

## আমরা বৈষম্যহীন বাংলাদেশ

একটি মানবিক বাংলাদেশ গড়তে চাই। তিনি আরো বলেন, কেউ যদি জনগনের ভোটাধিকার হরণ করতে চায় তাদের বিরুদ্ধে সর্বশক্তি নিয়ে রুখে দাড়াতে হবে। তিনি নির্বাচনে লেভেল প্লেয়িং ফ্লিড নিশ্চিত করতে প্রশাসনের প্রতি আহবান জানান। তিনি আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে চাঁনপুর ইউনিয়নের বিভিন্ন এলাকায় উঠান বৈঠক, গণসংযোগ ও পথসভায় এসব কথা বলেন। সোমবার (২ ফেব্রুয়ারি) বিকালে তিনি ইউনিয়নের বাদাম তলায় নির্বাচনী অফিস উদ্বোধন করেন ও ইউনিয়নের বিভিন্ন হাটবাজার এবং জনবহুল এলাকায় সাধারণ মানুষের সঙ্গে কুশল বিনিময় করেন এবং তাদের খোঁজখবর নেন। এছাড়াও তিনি সন্ধ্যায় সাদেকপুর ও রাতে দূর্গাপুরে প্রধান বৈঠকে বক্তব্য রাখেন। প্রচারণাকালে প্রার্থী সাধারণ মানুষের বিভিন্ন সমস্যা ও প্রত্যাশার কথা মনোযোগ দিয়ে শোনেন এবং নির্বাচিত হলে অবহেলিত জনপদের প্রান্তিক জনগনের কল্যানে কাজ করার প্রতিশ্রুতি দেন । এলাকাবাসী জানান, দীর্ঘদিন ধরে চলমান নানা সমস্যার স্থায়ী সমাধানে তারা একজন সৎ, যোগ্য ও জনবান্ধব প্রতিনিধির অপেক্ষায় রয়েছেন এক্ষেত্রে দাঁড়িপাল্লার প্রার্থীর প্রতিশ্রুতিতে তারা আশ্বস্ত। এ সময় উপস্থিত ছিলেন, জেলা জামায়াতের কর্মপরিষদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব এম সাইফুর রহমান, মেহেন্দিগঞ্জ উপজেলা আমীর মাওলানা শহিদুল ইসলাম, মেহেন্দিগঞ্জ পৌরসভা আমীর মাওলানা আমানুল্লাহ বাকের, নায়েবে আমীর আলহাজ্ব সাইফুল্লাহ মাহমুদ, প্রমুখ। এছাড়াও উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন স্তরের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন। পুরো কর্মসূচি জুড়ে স্থানীয় ভোটারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও ব্যাপক সাড়া লক্ষ্য করা গেছে।




নগরীর ২নং ওয়ার্ডে ধানের শীষের নির্বাচনী উঠোন বৈঠকে বক্তব্য রাখেন নাসিমা সরোয়ার -কীর্তনখোলা




বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরন অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলা প্রশাসক খায়রুল আলম সুমন -কীর্তনখোলা

## চীন-যুক্তরাষ্ট্র-জাপানের সঙ্গে প্রতিরক্ষা

মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে এমনটাই জানান তিনি। বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেনের সঙ্গে বৈঠক করতে আসেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. খলিলুর রহমান। বৈঠক শেষে বের হওয়ার সময় অন্তর্বর্তী সরকারের শেষ মুহূর্তে বিভিন্ন দেশের সঙ্গে প্রতিরক্ষা চুক্তিগুলো বিশেষ করে যুক্তরাষ্ট্র বা চীন ও জাপানের সঙ্গে চুক্তি নিয়ে প্রশ্ন করলে তিনি বলেন, ‘এটা চলমান প্রক্রিয়া।’ পরবর্তী সরকার এগুলো এগিয়ে না নিলে অন্তর্বর্তী সরকারের প্রতিশ্রুতি কি হবে জানতে চাইলে ড. খলিল বলেন, এটি অনুমান নির্ভর প্রশ্ন। সম্প্রতি জাতীয় নিরাপত্তা উপদেষ্টাকে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের পরিচালনা পর্ষদে যুক্ত করা হয়েছে। কোনো দেশের নিরাপত্তা উপদেষ্টা উড়োজাহাজ প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে যুক্ত হন না এ সমালোচনার জবাবে ড. খলিল বলেন, দুনিয়ার সব দেশে উড়োজাহাজ প্রতিষ্ঠান নাই। জুলাই গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে ২০২৪ এর ৮ আগস্ট বাংলাদেশের দায়িত্ব নেয় অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান অগ্রাধিকার ছিল রাষ্ট্রীয় কাঠামো সংস্কার, জুলাই হত্যার বিচার এবং জাতীয় নির্বাচন। তবে অগ্রাধীকারের বাইরে গিয়ে প্রতিরক্ষায় মনযোগী হওয়ার সমালোচনা হয়েছে। ২০২৪ এর ৮ আগস্ট দায়িত্ব নেওয়ার পর ড্রোন কারখানা তৈরি নিয়ে চীনের সঙ্গে জি২জি চুক্তি, পাকিস্তান থেকে জেএফ-১৭ থান্ডার যুদ্ধ বিমান ক্রয়, চীন থেকে জে-১০ সিই যুদ্ধ বিমান ক্রয়, ইউরোপীয় কনসোর্টিয়াম থেকে ইউরো ফাইটার টাইফুন যুদ্ধবিমান ক্রয়, দক্ষিণ কোরিয়া থেকে সাবমেরিন, তুরস্ক থেকে টি-১২৯ অ্যাটাক হেলিকপ্টার, যুক্তরাষ্ট্র থেকে ব্ল্যাক হক মাল্টিরোল হেলিকপ্টার, ৬৫০ কোটি টাকায় যুদ্ধজাহাজ বানৌজা খালিদ বিন ওয়ালিদের সক্ষমতা বাড়ানোর মতো কাজগুলো হাতে নেয় অন্তর্বর্তী সরকার।

## ‘শিশুটিকে গরম খুন্তির সেঁকা

কারাগারে পাঠিয়েছে আদালত। সোমবার (২ ফেব্রুয়ারি) মামলার তদন্ত কর্মকর্তা উত্তরা পশ্চিম থানার এসআই রোমের মিয়া আসামিদের আদালতে হাজির করে কারাগারে আটক রাখার আবেদন করেন। এরপর আদালতে তদন্ত কর্মকর্তার আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোহাম্মদ এহসানুল ইসলাম শুনানি শেষে জামিন নাকচ করে তাদের কারাগারে পাঠানোর আদেশ দেন। রোববার দিনগত গভীর রাতে উত্তরার বাসা থেকে তাদের গ্রেফতার করে উত্তরা পশ্চিম থানা পুলিশ। সাফিকুর রহমান ও তার স্ত্রী বীথি ছাড়াও গ্রেফতার অন্য দুই আসামি হলেন- বাসার দুই গৃহকর্মী রুপালী খাতুন ও সুফিয়া বেগম। এদিন আসামিদের পক্ষে জামিন চেয়ে শুনানি করেন অ্যাডভোকেট জাকির হোসেন। রাষ্ট্রপক্ষে প্রসিকিউশন পুলিশের এসআই তাহমিনা আক্তার জামিনের বিরোধিতা করেন। শিশুটিকে নির্যাতনের ঘটনায় তার হোটেল কর্মচারী বাবা গোলাম মোস্তফা রোববার বাদী হয়ে মামলা করেন। মামলায় উল্লেখ করা হয়, উত্তরা ৯ নম্বর সেক্টরে সাফিকুর রহমানের বাসা। বাসার নিরাপত্তাকর্মী জাহাঙ্গীর বাচ্চা দেখাশোনার জন্য অল্প বয়সী মেয়ে খুঁজছিলেন। পরে গোলাম মোস্তফার সঙ্গে তার দেখা হয়। মেয়ের বিয়েসহ যাবতীয় খরচ বহন করার প্রতিশ্রুতি পেয়ে গোলাম মোস্তফা গত বছরের জুনে তার মেয়েকে সাফিকুর রহমানের বাসায় কাজে পাঠান। সর্বশেষ তিনি গত ২ নভেম্বর ওই বাসায় গিয়ে মেয়েকে দেখে আসেন। এরপর মেয়েটিকে তার পরিবারের সঙ্গে আর ‘দেখা করতে দেওয়া হয়নি’ বলে মামলার অভিযোগে উল্লেখ করা হয়। অভিযোগে আরও বলা হয়, গত ৩১ জানুয়ারি আসামি বীথি ফোন করে গোলাম মোস্তফাকে তার মেয়ের অসুস্থতার কথা জানান। তাকে নিয়ে যেতে বলেন। মেয়েকে আনতে গেলে ওইদিন সন্ধ্যা ৭টার দিকে মোস্তফার কাছে মেয়েটিকে বুঝিয়ে দেন বীথি। মামলার বাদী মোস্তফা অভিযোগে জানান, ওই বাসা থেকে মেয়েকে নিয়ে আসার সময়ই মেয়ের দুই হাতসহ শরীরের বিভিন্ন স্থানে গুরুতর জখম দেখতে পান তিনি। মেয়েটি তখন ভালোভাবে কথাও বলতে পারছিল না। এ অবস্থার কারণ জানতে চাইলে বীথি সদুত্তর দিতে পারেননি। এরপর মেয়েকে গাজীপুর শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করান। মেয়েটি তখন তার বাবাকে জানায়, ওই বাসায় বিভিন্ন সময়ে তাকে নির্যাতন করা হতো। মারধরের পাশাপাশি খুন্তি গরম করে শরীরে সেঁকাও দেওয়া হতো। এদিকে, উত্তরা পশ্চিম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিক আহমেদ জানিয়েছেন, ১১ বছর বয়সী শিশু গৃহকর্মীকে নির্যাতনের অভিযোগে মামলা দায়েরের পর রোববার দিনগত রাত সাড়ে ৩টার দিকে সাফিকুর রহমান ও তার স্ত্রী বিথীসহ তাদের বাসায় থাকা আরও দুই গৃহকর্মীকে গ্রেফতার করা হয়।

## বাউফলে জামায়াত ও ইসলামী আন্দোলনের দুই কর্মীকে জরিমানা

**বাউফল প্রতিনিধি**

পটুয়াখালী-২ আসনে নির্বাচনি আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে জামায়াতে ইসলামী ও ইসলামী আন্দোলন বাংলাদেশের দুই কর্মীকে অর্থদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। রোববার (১ ফেব্রুয়ারি) রাত ৮টার দিকে বাউফল উপজেলার নুরাইনপুর বাজার ও কালিশুরি নদী বন্দর এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) মো. সোহাগ মিলু। এ সময় পৃথক দুটি ঘটনায় মোটরসাইকেল বহর ও যানবাহনে পোস্টার সাঁটিয়ে প্রচারণার দায়ে দুজনকে জরিমানা করা হয়। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণবিধিমালা লঙ্ঘনের অভিযোগে দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থীর সমর্থক ইমদাদুল রহমানকে (৩০) ৫ হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়। তিনি একাধিক মোটরসাইকেলযোগে লোকজন নিয়ে মিছিল ও প্রচারণা চালাচ্ছিলেন। অন্যদিকে ব্যাটারিচালিত অটোগাড়িতে পোস্টার সাঁটিয়ে প্রচারণা করায় হাতপাখা প্রতীকের প্রার্থীর সমর্থক ওমর ফারুককে (৪০) আচরণবিধি লঙ্ঘনের অপরাধে ৫০০ টাকা অর্থদণ্ড দেওয়া হয়। এ বিষয়ে নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. সোহাগ মিলু জানান, নির্বাচনের সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে আচরণবিধি লঙ্ঘনের বিরুদ্ধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

## গলাচিপায় ভিপি নুরের

স্বতন্ত্র প্রার্থী হাসান মামুনের প্রধান নির্বাচনী কার্যালয়ে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে আবদুল আলীম তালুকদার বলেন, কেন্দ্রীয় বিএনপির নির্বাহী কমিটির সদস্য পদ থেকে পদত্যাগকারী হাসান মামুন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে পটুয়াখালী-৩ আসন (গলাচিপা-দশমিনা) থেকে প্রতিদ্বন্দ্বিতা করছেন। দশমিনা ও গলাচিপা উপজেলা বিএনপির সর্বস্তরের নেতাকর্মী এবং সাধারণ মানুষের দাবির মুখে তিনি নির্বাচনে অংশ নেন। তিনি ঘোড়া প্রতীক নিয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। তিনি অভিযোগ করেন, একই আসনে সংসদ নির্বাচনে অংশ নেওয়া গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর বিএনপির আসন সমঝোতার প্রার্থী হওয়ার পর থেকেই বিএনপি নেতাকর্মীদের বিভিন্নভাবে ভয়ভীতি প্রদর্শন ও অসংলগ্ন বক্তব্য দিয়ে আসছেন। সংবাদ সম্মেলনে দাবি করা হয়, নুরুল হক নুর গ্রামগঞ্জের নিরীহ ও অসহায় মানুষকে টাকা দিয়ে ভোট কেনার অপচেষ্টা করছেন। নুরের লোকজন এ অপচেষ্টায় ব্যর্থ হয়ে সাধারণ মানুষকে ভোটকেন্দ্রে না যাওয়ার জন্য হুমকি ও ধমকি দিচ্ছেন। ইতোমধ্যে নুরুল হক নুর বিভিন্ন জায়গায় বলে বেড়াচ্ছেন যে তিনি এমপি হয়ে গেছেন, শুধু ১২ তারিখের অপেক্ষা। আবদুল আলীম তালুকদার আরও বলেন, গণঅধিকার পরিষদের প্রার্থী নুরুল হক নুর তার নির্বাচনী ব্যানার, ফেস্টুন ও লিফলেটে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ছবি ব্যবহার করছেন, যা নির্বাচনী আচরণবিধির সুস্পষ্ট লঙ্ঘন। এছাড়া তিনি বিভিন্ন স্থানে, বিশেষ করে দশমিনা উপজেলা পরিষদের সামনে রঙিন বিলবোর্ড স্থাপন করেছেন, যা আচরণবিধি পরিপন্থী। নির্বাচন সংশ্লিষ্ট প্রশাসনের সামনে এসব ঘটনা ঘটলেও নুরুল হক নুরের বিরুদ্ধে কোনো আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে না। লিখিত বক্তব্যে আরও অভিযোগ করা হয়, নুরুল হক নুরের স্ত্রী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হওয়া সত্ত্বেও তিনি তার স্বামীর ট্রাক প্রতীকের পক্ষে প্রচারণা চালাচ্ছেন। প্রশাসনের নাকের ডগায় এসব ঘটনা ঘটলেও এখন পর্যন্ত কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তিনি আরও বলেন, ভিপি নুরের সন্ত্রাসী বাহিনীর মাধ্যমে স্বতন্ত্র প্রার্থী হাসান মামুনের নির্বাচনী অফিস ভাঙচুর করা হয়েছে এবং তার কর্মী-সমর্থকদের পিটিয়ে আহত করা হয়েছে। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সদ্য সাবেক সহ-সভাপতি অ্যাডভোকেট খোরশেদ আলম, রুহুল আমীন মোল্লা, মো. মোফাজ্জেল হোসেন, মিজানুর রহমান জোমাদ্দার, যুগ্ম সাধারণ সম্পাদক ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান ফখরুজ্জামান বাদল, হুমায়ুন কবির মিলন, মাসুদুর রহমান পঞ্চায়েত, সাংগঠনিক সম্পাদক বেল্লাল মৃধা, অ্যাডভোকেট এনামুল হক রতন, কোষাধ্যক্ষ মো. মফিজুর রহমানসহ অন্যান্য নেতৃবৃন্দ।

## আমতলীতে একই রাতে দুই সরকারি কার্যালয়ে চুরি

**বরগুনা প্রতিনিধি**

বরগুনার আমতলী উপজেলায় একই রাতে দুটি সরকারি কার্যালয়ে চুরির ঘটনা ঘটেছে। সোমবার (২ফেব্রুয়ারি) রাত আনুমানিক ৩টা ৫০ মিনিটে সংঘটিত এ ঘটনায় সরকারি দপ্তরগুলোর নিরাপত্তা ব্যবস্থা নিয়ে উদ্বেগ দেখা দিয়েছে। সিসি ক্যামেরায় ধারণ হওয়া ফুটেজ অনুযায়ী, চোরেরা অফিস ভবনের দক্ষিণ পাশের গ্রিল ভেঙে আমতলী উপজেলা কৃষি অফিসে প্রবেশ করে। এরপর তারা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ও উচ্চমান সহকারীর কক্ষসহ মোট তিনটি কক্ষের তালা ভেঙে ভেতরে ঢোকে। এ সময় আলমারি ও ড্রয়ার ভেঙে একটি ল্যাপটপ চুরি করে নিয়ে যায় চোরচক্র। চুরির বিষয়টি নিশ্চিত করে আমতলী উপজেলা কৃষি কর্মকর্তা মো. রাসেল বলেন, গভীর রাতে এ ধরনের ঘটনা দুঃখজনক। এতে দাপ্তরিক কাজে বিঘ্ন ঘটার আশঙ্কা রয়েছে। একই রাতে আমতলী উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলীর কার্যালয়েও চুরির ঘটনা ঘটে। চোরেরা মূল ফটকের তালা ভেঙে ভেতরে প্রবেশ করে দুটি কক্ষের তালা ভেঙে প্রয়োজনীয় কাগজপত্র এলোপাথাড়ি ছড়িয়ে-ছিটিয়ে রাখে। তবে কার্যালয়ে নগদ অর্থ না থাকায় তারা কিছু চুরি করতে পারেনি বলে জানান উপসহকারী প্রকৌশলী মো. সোহাগ মিয়া। দুটি ঘটনার সত্যতা স্বীকার করে আমতলী থানা ইন্সপেক্টর (তদন্ত) সাইদুল ইসলাম বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে এবং প্রয়োজনীয় আলামত সংগ্রহ করেছে। সিসি ক্যামেরার ফুটেজ বিশ্লেষণসহ ঘটনায় জড়িতদের শনাক্তে তদন্ত কার্যক্রম চলমান রয়েছে। স্থানীয়দের অভিযোগ, সরকারি কার্যালয়গুলোর রাতকালীন নিরাপত্তা দুর্বল থাকায় এ ধরনের ঘটনা ঘটছে। তারা দ্রুত চোর চক্রকে শনাক্ত করে আইনের আওতায় আনার পাশাপাশি সরকারি দপ্তরগুলোর নিরাপত্তা জোরদারের দাবি জানিয়েছেন।

দৈনিক
# কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ০৩ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ২০ মাঘ ১৪৩২

## ‘শিশুটিকে গরম খুন্তির সেঁকা দেওয়া হতো’ স্ত্রীসহ বিমানের এমডি কারাগারে

**কীর্তনখোলা ডেস্ক**
শিশু গৃহকর্মীকে নির্যাতনের অভিযোগে করা মামলায় গ্রেফতার বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) সাফিকুর রহমান এবং তার স্ত্রী বিথীসহ চারজনকে ৩ এর পাতায় দেখুন

## চীন-যুক্তরাষ্ট্র-জাপানের সঙ্গে প্রতিরক্ষা চুক্তিগুলো চলমান প্রক্রিয়ার অংশ

**কীর্তনখোলা ডেস্ক**
মেয়াদের শেষ মুহূর্তে বিভিন্ন দেশের সঙ্গে প্রতিরক্ষায় সরঞ্জাম ক্রয় ও চুক্তি করেছে অন্তর্বর্তী সরকার। আর এটিকে চলমান প্রক্রিয়ার অংশ হিসেবে দাবি করেছেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. খলিলুর রহমান। সোমবার বিকেলে পররাষ্ট্র ৩ এর পাতায় দেখুন



## আমরা বৈষম্যহীন বাংলাদেশ গড়তে চাই: আবদুল জব্বার

**মোঃ জামাল উদ্দিন**
বরিশাল-৪ (মেহেন্দিগঞ্জ-হিজলা-কাজিরহাট) আসনে ১১ দলীয় ঐক্যজোট (ঐক্যবদ্ধ বাংলাদেশ) সমর্থিত ও বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী অধ্যাপক মাওলানা মোহাম্মদ আবদুল জব্বার বলেছেন, আমরা বৈষম্যহীন, ন্যায় ও ইনসাফভিত্তিক রাষ্ট্র গঠন করতে চাই। আমরা মানুষের বাসযোগ্য ৩ এর পাতায় দেখুন



## বরিশালকে শান্তিপূর্ণ নগরী হিসেবে গড়ে তোলা হবে: ফয়জুল করীম

**কীর্তনখোলা রিপোর্ট**
বরিশাল-৫ আসনের ইসলামী আন্দোলন বাংলাদেশ মনোনীত সংসদ সদস্য প্রার্থী মুফতী সৈয়দ মোহাম্মদ ফয়জুল করীম বলেছেন, বরিশালকে চাঁদাবাজ, সন্ত্রাস ও দুর্নীতিমুক্ত একটি শান্তিপূর্ণ নগরী হিসেবে গড়ে তুলতে আমি দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ। কলোনী এলাকাগুলোর নাগরিক সুযোগ-সুবিধা উন্নয়ন, নিরাপত্তা নিশ্চিতকরণ, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং একটি মানবিক ও ন্যায়ভিত্তিক বরিশাল গড়তে তিনি সর্বাত্মকভাবে কাজ করবেন। সোমবার বেলা ১১ টায় বরিশাল ৩ এর পাতায় দেখুন

## আপনাদের স্বপ্ন পুরণে সারাজীবন পাশে থাকবো: অ্যাড. জয়নুল

**মুলাাদী প্রতিনিধি**
এয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মুলাদী-বাবুগঞ্জ আসনে ধানের শীষের বিজয়ের লক্ষে মুলাদী পৌরসভার ৪নং ওয়ার্ড বিএনপি ও অঙ্গসংগঠনের উদ্দ্যোগে নির্বাচনী উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। গতকাল সন্ধা ৭টায় পৌরসভার ৪নং ওয়ার্ডের হাওলাদার বাড়ীর বালুর মাঠে অনুষ্ঠিত নির্বাচনী উঠান বৈঠকে প্রধান অতিথির বক্তব্যে, মুলাদী-বাবুগঞ্জ আসনের ধানের শীষের মনোনীত প্রার্থী আলহাজ্ব এ্যাড. জয়নুল আবেদীন বলেন, ধানের শীষের বিজয় হলে আমি আপনাদের স্বপ্ন পুরনে পাশে থাকবো, তিনি আরও বলেন, মুলাদীতে কোন সন্ত্রাস কিংবা মাদক ব্যবসায়ীকে স্থান দেয়া হবে না। মুলাদী পৌরসভা বিএনপির আহবায়ক এনামুল হক ইনুর সভাপতিত্বে ও পৌরসভা ছাত্রদল আহবায়ক মোঃ সোহানুর ৩ এর পাতায় দেখুন



## অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন করতে প্রস্তুত নৌবাহিনী

**ভোলা প্রতিনিধি**
আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও উৎসবমুখর পরিবেশে সম্পন্ন করার লক্ষ্যে ভোলায় নৌবাহিনীর দায়িত্বপূর্ণ এলাকাসমূহে নিয়োজিত কন্টিনজেন্ট ও ভোটকেন্দ্রের সার্বিক পরিস্থিতি পরিদর্শন করেছেন নৌবাহিনীর সহকারী প্রধান (অপারেশন্স) রিয়ার অ্যাডমিরাল মোহাম্মদ মুসা। সোমবার (২ ফেব্রুয়ারি) দুপুরে পরিদর্শন শেষে নৌবাহিনীর ভোলা সদর কন্টিজেন্টে প্রেস ব্রিফিং করেন তিনি। এর আগে, তিনি ৩ এর পাতায় দেখুন

## নারীদের মুখে ধানের শীষ স্লোগানে মুখরিত চরফ্যাশনের নির্বাচনী মাঠ

**চরফ্যাশন প্রতিনিধি**
সকাল থেকেই আব্দুল্লাহপুর ইউনিয়ন পরিষদ সংলগ্ন ৮নং ওয়ার্ডে মহিলা সমাবেশে উদ্দেশ্য হাজার হাজার মানুষের ঢল নেমেছে। নারী,পুরুষ কিংবা বৃদ্ধা আর বৃদ্ধ বাদ নেই কেউ। কোথায় যাচ্ছেন নেতা আইবো। এমন ভাবেই মনের কথা ব্যক্ত করেছেন গ্রামের সাধারন সাদামাঠা মানুষগুলো। এমনি করে হাজারো নারী সমবেত হয়েছে ভোলা -৪ এর চরফ্যাসন গ্রাম থেকে গ্রামের কর্মীর সমর্থকরা। তারা মিছিল নিয়ে দক্ষিণ শিবা মাধ্যমিক বিদ্যালয় মাঠে জনসমুদ্র পরিণত করে। যা দেখে খোদ আব্দুল্লাহপুর ইউনিয়নের নির্বাচন সমন্বয়কারী চরফ্যাশন উপজেলা যুবদলের সাবেক সভাপতি আশ্রাফুর রহমান ৩ এর পাতায় দেখুন

## ডিবির থেকে ছাত্রলীগ নেতাকে ছিনিয়ে নেওয়ার অভিযোগ

**বাবুগঞ্জ প্রতিনিধি**
বরিশালের বাবুগঞ্জ উপজেলায় জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের অভিযানকালে গ্রেপ্তারকৃত এক নেতাকে ছিনিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে। রোববার (১ ফেব্রুয়ারি) রাতে উপজেলার দেহেরগতি ইউনিয়নের রাহুতকাঠী বন্দরে এ নাটকীয় ঘটনা ঘটে। ছিনিয়ে নেওয়া ওই ব্যক্তি নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের স্থানীয় নেতা। অভিযুক্তের নাম ইয়াসির আরাফাত সোহেল কাজী। তিনি বাবুগঞ্জ উপজেলা ছাত্রলীগের সভাপতি প্রার্থী ছিলেন। প্রত্যক্ষদর্শীরা জানান, রোববার সন্ধ্যায় গোপন সংবাদের ভিত্তিতে

## ধানের শীষের পক্ষে আইনজীবী ফোরামের গণসংযোগ

**গৌরনদী প্রতিনিধি**
বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা ও বরিশাল-১ (গৌরনদী-আগৈলঝাড়া) আসনে বিএনপির মনোনীত প্রার্থী জহির উদ্দিন স্বপনের ধানের শীষের প্রতীকে পক্ষে নির্বাচনী প্রচার সভা ও গণসংযোগ করেছেন বরিশাল আইজীবি ফোরাম ও আইজীবি সমিতির নেতৃবৃন্দ। সোমবার (২ ফেব্রুয়ারি) বিকেলে গৌরনদী উপজেলার টরকী বন্দর মাধ্যমিক বিদ্যালয় মাঠে নির্বাচনী প্রচার সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে টরকী বন্দরের বিভিন্ন গল্লি, টরকী বাসষ্ট্যান্ড, গৌরনদী বাসষ্ট্যান্ড, আগৈলঝাড়ার গৈলা, আগৈলঝাড়া সদর সহ বিভিন্ন এলাকায় বিএনপির মনোনীত প্রার্থী জহির উদ্দিন স্বপনের পক্ষে ভোট প্রার্থনা করে গণসংযোগ করেন। ৩ এর পাতায় দেখুন

## সার্ভে সহায়ক নিয়োগে অনিয়মের অভিযোগ, নিয়োগ স্থগিতের দাবি মামলা

**কীর্তনখোলা রিপোর্ট**
সার্ভে সহায়ক নিয়োগে অনিয়মের অভিযোগ, নিয়োগ স্থগিতের দাবিতে এবার মামলা করেছে সার্ভে সহায়করা। সাম্প্রতি বরিশাল সদর সিনিয়র জজ আদালতে বাদী হয়ে মামলা করেছেন নিয়োগ বঞ্চিতরা। মামলাটি বিচারক অপেক্ষমান রেখেছেন বলে জানান অ্যাডভোকেট মো. আজাদ রহমান। মামলাটিতে বাদী হয়েছেন জোনাল আমিন ইউনিয়ন কমিটির সহ-সভাপতি আঃ হালিম সিকদার,(সরদার আমিন) এসএম জহিরুল আলম (সরদার আমিন), সঞ্চয় চন্দ্র মন্ডল (বদর আমিন), মোঃ মিজানুর রহমান ৩ এর পাতায় দেখুন



## আলতাফ চৌধুরীকে সমর্থন দিয়ে সরলেন গণঅধিকারের ফাহিম

**পটুয়াখালী প্রতিনিধি**
পটুয়াখালী-১ আসনে বিএনপি মনোনীত প্রার্থী এয়ার ভাইস মার্শাল (অব.) আলতাফ হোসেন চৌধুরীকে সমর্থন জানিয়ে নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন গণঅধিকার পরিষদের প্রার্থী শহিদুল ইসলাম ফাহিম। সোমবার (২ ফেব্রুয়ারি ) সকালে পটুয়াখালী শহরের শের-ই-বাংলা সড়কে আলতাফ হোসেন চৌধুরীর বাসভবনে আয়োজিত এক যৌথ সংবাদ সম্মেলনে তিনি আনুষ্ঠানিকভাবে এ ঘোষণা দেন। সংবাদ সম্মেলনে শহিদুল ৩ এর পাতায় দেখুন




## বরগুনা জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক গ্রেফতার

**বরগুনা প্রতিনিধি**
নিষিদ্ধ ঘোষিত বরগুনা জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মো. নাফিউল ইসলাম সিনহাকে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। রোববার (১ ফেব্রুয়ারি) বিকেল পাঁচটার দিকে বরগুনার বামনা উপজেলা থেকে তাকে গ্রেফতার করা হয়। নাফিউল ইসলাম সিনহা বরগুনা পৌরসভার ২ নম্বর ওয়ার্ডের ৩ এর পাতায় দেখুন

## বাউফলে ‘না’ ভোটের পক্ষে প্রচারণা ভোল পাল্টালেন বিএনপি নেতা

**পটুয়াখালী প্রতিনিধি**
পটুয়াখালীর বাউফলে গণভোটে ‘না’ ভোটের পক্ষে প্রচারণা চালিয়েছেন এক বিএনপি নেতা। এ সংক্রান্ত একটি ভিডিও সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে। ভাইরাল ভিডিওতে দেখা যায়, একটি সভায় বিএনপির ওই নেতা ‘না’ ভোটের পক্ষে প্রচারণা চালাচ্ছেন। ভিডিওতে তিনি বলেন,আপনেরা ‘না’ তে ভোট দেবেন। না বলা মানে আপনারা স্বাধীনতার পক্ষে রইলেন। স্বাধীনতার পক্ষে আমরা আর স্বাধীনতার বিপক্ষে রাজাকার। যারা স্বাধীন বাংলাদেশ চায় নাই, তার নাম হলো জামায়াত। যে জামায়াত বাংলাদেশে আপনাদের মতো মা-বোনদের ধরে এই সেনাবাহিনী পশ্চিমাদের হাতে তুলে দিয়েছে এই রাজাকাররা। ওরা রাজাকার, ওরা স্বাধীনতা চায় নাই। এখনো স্বাধীনতার বিরোধিতা করে। ভোটে দুইটা ব্যালট পাবেন আপনারা একটা ধানের ৩ এর পাতায় দেখুন













প্রধান সম্পাদক: মোঃ ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com